# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 03, 1433 Bangla, April 16, 2026, Thursday, No. 103, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has informed that his government has specific plans to explore alternative labour market abroad in backdrop of Middle East war. (BBC: 04)

The Prime Minister has said, government has decided to recruit five lakh employees in public sector. (Jago FM: 13)

Bangladesh has sought 2 billion US dollar fund from development partners to meet country's immediate energy requirement. (Jago FM: 16)

943,340 children have been vaccinated in different districts of the country in 8 days from 5th to 13th April under 'Measles-Rubella Emergency Vaccination Program'. (Jago FM: 15)

Information and Broadcasting Minister Zahir Uddin Swapon has said, responsible mass media can play effective role in controlling fascism. (Jago FM: 17)

Environment, Forest and Climate Change Minister Abdul Awal Mintoo has said, government has adopted a zero tolerance policy to protect environment and address risks of climate change. (Jago FM: 16)

At least 250 people including Rohingya and Bangladeshi nationals remain missing after a boat capsized in Andaman Sea. (DW: 12)

Iranian President Masoud Pezeshkian has said that any attempt by United States and Israel to force Tehran to surrender must be failed. (BBC: 04)

US President Donald Trump has hoped that his country could resume talks with Iran within this week. (BBC: 04)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৩, বাংলা ১৪৩৩, এপ্রিল ১৬, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১০৩, ৫৬তম বছর**

# শিরোনাম

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রেক্ষিতে বিকল্প শ্রম বাজারের সন্ধানে সরকারের সুনির্দিষ্ট পরিকল্পনা রয়েছে, বললেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (বিবিসি: ০৪)

সরকার পাঁচ লাখ সরকারি কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। (জাগো এফএম: ১৩)

দেশের বর্তমান জ্বালানি সংকট মোকাবিলায় উন্নয়ন সহযোগীদের কাছে দুই বিলিয়ন ডলার ঋণ সহায়তা চেয়েছে বাংলাদেশ। (জাগো এফএম: ১৬)

'হাম ও রুবেলা জরুরি টিকাদান কর্মসূচি'র আওতায় ৫ থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত ৮ দিনে দেশের বিভিন্ন জেলায় টিকা পেয়েছে ৯ লাখ ৪৩ হাজার ৩৪০ জন শিশু। (জাগো এফএম: ১৫)

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, ফ্যাসিবাদ নিয়ন্ত্রনে সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে দায়িত্বশীল গণমাধ্যম। (জাগো এফএম: ১৭)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু জানিয়েছেন, পরিবেশ রক্ষায় এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে সরকার। (জাগো এফএম: ১৬)

আন্দামান সাগরে নৌকাডুবিতে রোহিঙ্গা ও বাংলাদেশি নাগরিকসহ নিখোঁজ রয়েছেন অন্তত ২৫০ জন।
(ডয়েচে ভেলে: ১২)

ইরানকে আত্মসমর্পণ করতে বাধ্য করার জন্য যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যে কোনো প্রচেষ্টা "ব্যর্থ হতে বাধ্য" বলে মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। (বিবিসি: ০৪)

চলতি সপ্তাহের মধ্যেই ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র পুনরায় আলোচনা শুরু করতে পারে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। (বিবিসি: ০৪)

## বিবিসি

দুইদিন পানিতে ভাসছি'- আন্দামান সাগর থেকে বেঁচে ফেরা ব্যক্তির অভিজ্ঞতা

"আমাদের নিয়ে ৪ এপ্রিল টেকনাফ থেকে মালয়েশিয়ার উদ্দেশ্যে বোটটা রওয়ানা দিছে। ৮ এপ্রিল সকালে আন্দামান সাগরে ডুবে যায়। উদ্ধার হওয়ার আগে দুইদিন পানিতে ভাসছি।" এভাবেই নিজের অভিজ্ঞতা বিবিসি বাংলাকে বলছিলেন আন্দামান সাগরে ডুবে যাওয়া ট্রলার থেকে বেঁচে ফেরা কুতুপালং রোহিঙ্গা ক্যাম্পের বাসিন্দা রফিক। ডুবে যাওয়ার আগেই ট্রলারটিতে থাকা অন্তত ৩০ জনের মৃত্যু হয় বলেও জানান মি. রফিক। আরোহীদের মারধর করা হতো এবং মাছ রাখার কোল্ড স্টোরেজে পালাক্রমে লুকিয়ে রাখা হতো বলেও জানান তিনি। "বোটের মাঝি বলেছিল যারা মারা গেছে, তাদের লাশ পানিতে ফেলে দিতে। আর যারা জীবিত আছে, তাদের রেখে দিতে। কিছুক্ষণের মধ্যে আমাদের বোটই ডুবে যায়," বলেন মি. রফিক। ট্রলারে কতজন ছিলেন জানতে চাইলে বিবিসি বাংলাকে তিনি বলেন, "আমরা পুরুষ ছিলাম ২৪০ জন, মহিলা ছিল ২০ জন। বাচ্চা ছিল চারজন। আর বোটের স্টাফ ছিল ১৩ জন।" অবৈধভাবে সমুদ্রপথে মালয়েশিয়া যাওয়ার পথে আন্দামান সাগরে ডুবে যাওয়া ঐ ট্রলারে নিজের ছোটো ভাই ছিল বলে নিশ্চিত হয়েছেন টেকনাফের বাসিন্দা নেজাম উদ্দিন, যদিও তাকে উদ্ধার করা সম্ভব হয়নি। বেঁচে ফেরা ব্যক্তিদের ছোটো ভাই তারেকের ছবি দেখিয়ে ডুবে যাওয়া ট্রলারে তার থাকার বিষয়টি নিশ্চিত হয়েছেন বলে জানান মি. উদ্দিন। বিবিসি বাংলাকে তিনি জানান, গত ৪ তারিখ থেকেই তারেকের সঙ্গে যোগাযোগ নেই পরিবারের। নিখোঁজ হওয়ার আগে দালালের মাধ্যমে মালয়েশিয়া যাওয়ার চেষ্টা করছিল সে। "আমার ভাইকে পর্যটন ভিসায় মালয়েশিয়া পাঠানোর জন্য দেড় লাখ টাকা আর তার পাসপোর্ট দালালের কাছে দিছিলাম," বলেন তিনি। মালয়েশিয়া যাওয়ার পথে ডুবে যাওয়া ট্রলার থেকে উদ্ধার হওয়া কয়েকজনকে কোস্টগার্ড দেশে ফিরিয়ে এনেছে এমন খবর পেয়ে ছোটো ভাইকে খুঁজতে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন মি. উদ্দিন। "উদ্ধার হওয়া কয়েকজন ছবি দেখে বলছে যে, আমার ভাই ঐ বোটে ছিল, ডুবে যাওয়ার আগেও সে জীবিত ছিল," বলেন তিনি।

জীবিতরা উদ্ধার হলেন যেভাবে

গত ৯ এপ্রিল আন্দামান সাগর থেকে উদ্ধার হওয়া নয়জনকে গভীর সমুদ্রে টহলরত কোস্ট গার্ডের জাহাজ 'মনসুর আলীর' কাছে হস্তান্তর করে বাংলাদেশের পতাকাবাহী বাণিজ্যিক জাহাজ 'মোটর ট্যাংকার মেঘনা প্রাইড'। উদ্ধারকারীদের বরাত দিয়ে কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন জানান, ৯ এপ্রিল দুপুরে আন্দামান দ্বীপপুঞ্জের কাছাকাছি এলাকা থেকে ভাসমান অবস্থায় আটজন পুরুষ ও একজন নারীকে উদ্ধার করে বাংলাদেশি জাহাজটি। কোস্টগার্ড বলছে, গভীর সমুদ্রে বেশকিছু মানুষকে পানির ড্রাম ও কাঠের টুকরো নিয়ে ভাসমান অবস্থায় দেখতে পায় তারা। পরে মধ্যরাতে কোস্ট গার্ডের কাছে তাদের হস্তান্তর করা হয়। মি. সুজন বিবিসি বাংলাকে বলেন, "ট্রলারডুবির ঘটনা যেখানে ঘটেছে, সেখানে আসলে কী হয়েছে বা কতজন ট্রলারে ছিল, সে বিষয়ে আমাদের জানার সুযোগ ছিল না। আমাদের কাছে নয়জনকে হস্তান্তর করার পর আমরা তাদেরকে দেশের নিয়ে আসি।" উদ্ধারকৃতদের বরাত দিয়ে তিনি বলেন, "তারা প্রায় দুইদিন সমুদ্রে ড্রাম এবং কাঠের টুকরো আঁকড়ে ধরে ভেসেছিলেন।" কোস্ট গার্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, নিখোঁজদের কোনো হদিস এখন পর্যন্ত মেলেনি এবং ডুবে যাওয়া ট্রলারটিরও কোনো

ধ্বংসাবশেষ পাওয়া যায়নি। এদিকে, গভীর সমুদ্রে বিপুলসংখ্যক যাত্রী নিয়ে ট্রলারডুবির এই ঘটনায় যৌথ বিবৃতি দিয়েছে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থা। সংস্থা দুটির মতে, অতিরিক্ত যাত্রী বোঝাই, তীব্র বাতাস এবং বৈরী আবহাওয়ার কারণে ট্রলারটি গভীর সমুদ্রে ডুবে যায়। জাতিসংঘের সংস্থাগুলোর সংগৃহীত তথ্য বলছে, ডুবে যাওয়া ট্রলারটিতে যাত্রী সংখ্যা ২৫০ বা তারও বেশি হতে পারে।

উদ্ধার ব্যক্তিদের এখন কী হবে?

গভীর সমুদ্রে ট্রলারডুবির ঘটনায় বেঁচে ফেরা নয়জনের মধ্যে আটজন পুরুষ এবং একজন নারী। তাদের মধ্যে ছয়জন বাংলাদেশি এবং তিনজন রোহিঙ্গা বলে জানা গেছে। উদ্ধার হওয়া ব্যাক্তিদের টেকনাফ থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছে কোস্টগার্ড। এই ঘটনায় কোস্ট গার্ড কর্মকর্তা এম শামসুল আলম মিয়া বাদী হয়ে একটি মানবপাচার মামলা দায়ের করেছেন বলেও জানিয়েছে পুলিশ। মামলায় ১০ থেকে ১৫ জন অজ্ঞাতনামা ব্যক্তিকে অভিযুক্ত করা হয়েছে বলেও জানানো হয়। টেকনাফ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম জানিয়েছেন, উদ্ধার হওয়া তিন রোহিঙ্গা নাগরিককে তাদের ক্যাম্পে পাঠানো হয়েছে। আর বাঙালি ছয়জনকে থানা হেফাজতে রেখে আইনি পদক্ষেপ নেওয়া হচ্ছে। পুলিশ বলছে, উদ্ধার হওয়া ছয়জনের মধ্যে চারজনই ডুবে যাওয়া ট্রলারটির সদস্য বলে জানতে পেরেছেন তারা। মানবপাচার মামলায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন মি. ইসলাম। এছাড়া, স্থানীয় পর্যায়ে মানবপাচারের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পুলিশ অভিযান শুরু করেছে বলেও জানান তিনি। মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেন, “গভীর সমুদ্রে মানব পাচারকারীদের বড়ো বোট থাকে। বিভিন্ন জায়গা থেকে ছোটো ছোটো বোটে করে গভীর সমুদ্রে থাকা বড়ো বোটে করে তারা রওনা দেয়। এক্ষেত্রে জেলে পরিচয়ও ব্যবহার করে তারা।” পাচারকারীরা মূলত ভুক্তভোগীদের দারিদ্র্য এবং সামাজিক অসহায়ত্বকে পুঁজি করে। মামলার নথিতে উল্লেখ করা হয়েছে, পাচারকারীরা ভালো চাকরি, মোটা অংকের বেতন এবং সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখিয়েছিল। এমনকি অবিবাহিত নারীদের ক্ষেত্রে মালয়েশিয়ায় নিয়ে গিয়ে বিয়ের মিথ্যা প্রতিশ্রুতিও দেওয়া হয়েছিল বলেও উল্লেখ রয়েছে।

থামছে না সমুদ্রপথে মানবপাচার

উন্নত জীবনের আশায় অভিবাসন প্রত্যাশীদের সমুদ্রপথে ঝুঁকিপূর্ণ যাত্রা কোনোভাবেই থামছে না। যার ফলে একদিকে যেমন প্রতারণার শিকার হচ্ছেন লাখো মানুষ, অন্যদিকে দুর্ঘটনার শিকার হয়ে সাগরের বুকে সলিল সমাধি হচ্ছে অনেকের। অভিবাসন বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশ থেকে সমুদ্রপথে মালয়েশিয়া, থাইল্যান্ডসহ বিভিন্ন দেশে মানবপাচারের ঘটনা নতুন নয়। দীর্ঘদিন ধরেই এই রুটটি ব্যবহার করে আসছে মানব পাচারকারীরা। ২০১১ থেকে ২০১৪ সাল পর্যন্ত মানবপাচারের প্রবণতা ভয়াবহ আকার ধারণ করে। ২০১৫ সালে মালয়েশিয়া এবং থাইল্যান্ডের সীমান্ত এলাকায় মানবপাচারের শিকার অভিবাসন প্রত্যাশীদের গণকবর পাওয়ার বিষয়টি নানা আলোচনার জন্ম দিয়েছিল। ব্র্যাক মাইগ্রেশন অ্যান্ড ইয়ুথ প্ল্যাটফর্ম-এর সহযোগী পরিচালক শরিফুল হাসান বলছেন, এই অঞ্চলে মানবপাচার নিয়ে অনেক বেশি আলোচনা শুরুর পর থেকে রোহিঙ্গা নারী ও কিশোরদেরকেই টার্গেট করেছিল পাচারকারীরা। কিন্তু গত দুই বছর ধরে আবারও বাংলাদেশি নাগরিকদেরও নানা প্রলোভন

দেখিয়ে সমুদ্রপথে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। “আইন-শৃঙ্খলা বাহিনী বা বিজিবি গত এক দুই বছরে এরকম অসংখ্য বোট আটক করেছে। আবারও যে মানবপাচারকারীদের তৎপরতা বেড়েছে, টেকনাফ এবং মিয়ানমার সীমান্তবর্তী যে-সব এলাকা থেকে বোট নেওয়া হয়, এগুলো যে রাতের আঁধারে ঘটে বিষয়টা তা নয়, এটি ওই এলাকার সাধারণ মানুষ, বিভিন্ন বাহিনীও অবগত,” বিবিসি বাংলাকে বলেন মি. হাসান। তার মতে, এগুলো কেবল মানবপাচার নয়, এর সঙ্গে অর্থ পাচার, মাদক চোরাচালান, জিম্মি এমন নানা অপরাধ জড়িত কিন্তু তারপরও কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে না। রোহিঙ্গা শরণার্থীদের কথা উল্লেখ করে মি. হাসান বলছেন, মূলত অন্য দেশে যাওয়ার ট্রানজিট হিসেবেই বাংলাদেশকে ব্যবহার করছে রোহিঙ্গা শরণার্থীরা। এই সংকটের কারণে বাংলাদেশিদের জন্য বিশ্বব্যাপি নিরাপদ অভিবাসনের যে সুযোগ সেখানেও প্রভাব পড়ছে বলে মনে করেন মি. হাসান। তিনি বলছেন, “আন্দামান সি ক্রাইসিস কিংবা ভূমধ্যসাগর ব্যবহার করে যে মানবপাচার চলছে, সেটি ঠেকাতে রাষ্ট্রের গুরুত্ব দেওয়া দরকার। সংকটটি খুবই গুরুতর এবং কথা না বলে পদক্ষেপ নেওয়া জরুরি।”

এদিকে, মানবপাচার রোধে অভিযান ও কার্যক্রম অব্যাহত রাখার কথা জানিয়েছে বাংলাদেশ কোস্ট গার্ড। তারা বলছে, গত এক বছরে ১৫১ জন বাঙালি এবং ৪১৯ জন রোহিঙ্গাসহ মোট ৫৭০ জন মানবপাচারের শিকার ভুক্তভোগীকে উদ্ধার করেছে তারা। এছাড়া মানবপাচার চক্রের সাথে জড়িত ৪৮ জন পাচারকারীকে আটক করা হয়েছে বলেও দাবি বাহিনীটির। (বিবিসি ওয়েব পেজ : ১৫.০৪.২০২৬ আলী আহমেদ)

**ইরান যুদ্ধ শেষ হওয়ার ‘খুব কাছাকাছি’ রয়েছে : ট্রাম্প**

চলতি সপ্তাহের মধ্যেই ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র পুনরায় আলোচনা শুরু করতে পারে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফক্স নিউজকে তিনি জানিয়ে যুদ্ধটি শেষ হওয়ার "খুব কাছাকাছি" রয়েছে। এবারও বৈঠকটি পাকিস্তানে অনুষ্ঠিত হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন ট্রাম্প। এদিকে, মার্কিন ভাইস-প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেছেন, ইরানের সঙ্গে একটি "বড় ধরনের দর কষাকষি" করতে চান ট্রাম্প। তবে যুক্তরাষ্ট্রের সঙ্গে পুনরায় আলোচনা বা বৈঠকের বিষয়ে ইরান এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেনি। অন্যদিকে, ইরানের বন্দর ও উপকূলীয় এলাকায় যুক্তরাষ্ট্রের ঘোষিত নৌ-অবরোধের প্রথম ২৪ ঘণ্টা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম দাবি করেছে, অবরোধ চলাকালীন কোনো জাহাজ ইরান থেকে বের হতে বা প্রবেশ করতে পারেনি। তাদের নির্দেশে ছয়টি বাণিজ্যিক জাহাজ পুনরায় ইরানি বন্দরে ফিরে গেছে। তবে বিবিসি ভেরিফাই এর শিপ ট্র্যাকিং তথ্য বিশ্লেষণে ভিন্ন চিত্র দেখা গেছে। তথ্য অনুযায়ী, অবরোধ শুরুর পর অন্তত চারটি ইরান-সংশ্লিষ্ট জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ এলিনা)

**ইরানকে আত্মসমর্পণে বাধ্য করার প্রচেষ্টা ব্যর্থ হবে : মাসুদ পেজেশকিয়ান**

ইরানকে আত্মসমর্পণ করতে বাধ্য করার জন্য যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যেকোনো প্রচেষ্টা "ব্যর্থ হতে বাধ্য" বলে মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেছেন, ইরানের জনগণ এ ধরনের পদক্ষেপ কখনো মেনে নেবে না। বুধবার তেহরানে জরুরি পরিষেবা কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মি. পেজেশকিয়ান এই কথা বলেন। তিনি আরও বলেছেন, তেহরান "যুদ্ধ বা অস্থিতিশীলতা নয়", বরং সব সময়ই "গঠনমূলক আলোচনা"র পক্ষে। প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এমন একটি সময় এসব কথা বলেছেন যার কয়েক ঘণ্টা আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন যে, চলতি সপ্তাহেই পুনরায় শান্তি আলোচনা শুরু হতে পারে। তবে তেহরান এ বিষয়ে সরাসরি কোনো মন্তব্য করেনি। (বিবিসি ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ এলিনা)

**মধ্যপ্রাচ্যের বিকল্প শ্রমবাজার সন্ধানে বাংলাদেশ সরকারের পরিকল্পনা রয়েছে, জানালেন প্রধানমন্ত্রী**

মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক অস্থিরতার প্রেক্ষিতে বিকল্প শ্রম বাজারের সন্ধানে সরকারের সুনির্দিষ্ট পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। নতুন শ্রমবাজার অনুসন্ধানের পাশাপাশি বাংলাদেশি কর্মীদের পেশাভিত্তিক চাহিদা নিরূপণের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি। বুধবার সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী আরো বলেন, একইসঙ্গে সার্বিয়া, গ্রিস, নর্থ মেসিডোনিয়া, রোমানিয়া, পর্তুগাল, ব্রাজিল, রাশিয়া ইত্যাদি দেশে নতুন শ্রমবাজার সম্প্রসারণে দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরের উদ্যোগ নেওয়া হয়েছে। মালয়েশিয়ায় শ্রমবাজার উন্মুক্ত

করার কাজ চলছে উল্লেখ করে তিনি জানান, থ্যাইল্যান্ডে শ্রম বাজার খোলার বিষয়ে সে দেশে কর্মী নিয়োগ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের উদ্যোগ নেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ এলিনা)

**মধ্যপ্রাচ্যে হাজারো সেনা পাঠাতে যাচ্ছে যুক্তরাষ্ট্র, ওয়াশিংটন পোস্টের খবর**

ওয়াশিংটন পোস্ট একটি প্রতিবেদনে জানিয়েছে, যুক্তরাষ্ট্র আগামী কয়েক দিনের মধ্যে মধ্যপ্রাচ্যে সামরিক বাহিনীর "আরও হাজারো" সদস্য পাঠানোর পরিকল্পনা করছে। একটি সমঝোতায় পৌঁছাতে ইরানের ওপর চাপ বাড়ানোর অংশ হিসেবেই ডোনাল্ড ট্রাম্প প্রশাসন এই পদক্ষেপ নিচ্ছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। জানা গেছে, সেনা পাঠানোর বিষয়ে জানেন এমন মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে পত্রিকাটি এই খবর প্রকাশ করেছে। খবরটি প্রকাশ করে রয়টার্স জানিয়েছে, তারা এখনো স্বাধীনভাবে এই প্রতিবেদনের সত্যতা নিশ্চিত করতে পারেনি।

(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ এলিনা)

**নানক, তাপসসহ ২৮ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি ২৬শে এপ্রিল**

মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সাবেক মেয়র শেখ ফজলে নূর তাপসসহ ২৮ জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের বিষয়ে শুনানি আগামী ২৬শে এপ্রিল অনুষ্ঠিত হবে। বুধবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ শুনানির জন্য ঐ দিনটি ধার্য করেছে বলে রাষ্ট্রীয় বার্তাসংস্থা বাসসের খবরে বলা হয়েছে। মামলার অন্য আসামিদের মধ্যে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সাবেক কমিশনার হাবিবুর রহমান, সাবেক অতিরিক্ত ডিআইজি প্রলয় কুমার জোয়ারদার, সাবেক যুগ্ম কমিশনার বিপ্লব কুমার সরকারের নামও রয়েছে। তারাসহ মামলাটির বেশিরভাগ আসামি বর্তমানে পলাতক রয়েছেন। কেবল গ্রেফতার রয়েছেন নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের মোহাম্মদপুর থানার সভাপতি নাঈমুল হাসান রাসেলসহ চার জন।

(বিবিসি ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ এলিনা)

মনজুর আলমের সঙ্গে হাসনাতের দেখা করা নিয়ে কী বলছে এনসিপি**?**

চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক মেয়র মনজুর আলমের বাসায় গিয়ে তার সঙ্গে এনসিপি নেতা ও সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ দেখা করার ঘটনা আলোচনা তৈরি করেছে। এমনও আলোচনা ছড়িয়েছে যে, আসন্ন মেয়র নির্বাচনে চট্টগ্রাম থেকে মনজুর আলমকে নিজেদের প্রার্থী করতে চায় এনসিপি। এখন পর্যন্ত ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনসহ দেশের পাঁচটি সিটি করপোরেশনের আসন্ন নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থী ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এনসিপি'র কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির মিডিয়া সেক্রেটারি ইয়াসির আরাফাত জানান, বাকি সাত সিটি করপোরেশনেও তারা অল্প কিছুদিনের মাঝেই প্রার্থী ঘোষণা করবে। "স্থানীয় সরকার নির্বাচন পরিচালনা কমিটি প্রার্থী যাচাই-বাছাইয়ে কাজ করছে। তারা সম্ভাব্য প্রার্থীদের সঙ্গে আলোচনাও করছেন প্রয়োজনীয় ক্ষেত্রে," বলছিলেন তিনি। যে সাত সিটি করপোরেশনে এখনো প্রার্থী দেওয়া বাকি রয়েছে, তার মাঝে অন্যতম চট্টগ্রাম। এখন প্রশ্ন হলো, চট্টগ্রাম সিটি করপোরেশনে মনজুর আলমকে এনসিপি থেকে মনোনয়ন দেওয়া নিয়ে যে গুঞ্জন রাজনৈতিক অঙ্গনে চলছে, তা কতটা সত্যি?

কী হয়েছিলো গতকাল

গতকাল মঙ্গলবার চট্টগ্রামের কাউলি এলাকায় মনজুর আলমের বাসায় সৌজন্য সাক্ষাৎ করতে গিয়েছিলেন হাসনাত আবদুল্লাহ। এই খবর পেয়ে মনজুর আলমের বাসার সামনে 'জুলাই যোদ্ধা' পরিচয়ে কিছু মানুষ জড়ো হয়। পরে মনজুর আলমের বাসা থেকে বের হওয়ার সময় উপস্থিত জনতা হাসনাত আবদুল্লাহকে ঘিরে ধরে নানা প্রশ্ন করে। তেমন কিছু ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। তাদের কাউকে কাউকে বলতে শোনা যায়, মনজুর আলম 'আওয়ামী লীগের দোসর'; হাসনাত আবদুল্লাহ নিজে জুলাই যোদ্ধা, যিনি সংসদে দাঁড়িয়ে আওয়ামী লীগ নিষিদ্ধ করার কথা বলেছেন, তাহলে তিনি কেন মনজুর আলমের বাসায়, সেটিও জানতে চান তারা মি. আবদুল্লাহ'র কাছে। সেখানে ঠিক কী হয়েছিল, জানতে আজ মি. আবদুল্লাহ'র সাথে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন ধরেননি। তবে এ বিষয়ে গতকাল বিবিসি বাংলার সাথে কথা বলেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক মেয়র মনজুর আলম। তিনি বিবিসি বাংলাকে বলেন, "চট্টগ্রামে হাসনাত আবদুল্লাহ সাহেবের একটি প্রোগ্রাম ছিল। তিনি চট্টগ্রামে এসে আমাকে ফোন দিয়েছিলেন দুপুরে। বলেছিলেন, আমার বাসায় আসবেন। আমি তাকে দুপুরে খাওয়ার আমন্ত্রণ জানাই।" সাবেক এই মেয়র জানান, বিকেল ৩টার দিকে হাসনাত আবদুল্লাহ তার বাসায় আসেন এবং দুপুরের খাবারও খান। মি. আলম বলেন, "এর কিছুক্ষণ পরে লোকাল কিছু ছেলে বাইরে জড়ো হয়েছিল। পরে হাসনাত আব্দুল্লাহ নিজে গিয়ে তাদের কাছে কথা বলে সাড়ে ৫টা-৬য়টার দিকে চলে যান।"

জড়ো হওয়া ওই ব্যক্তিদের অনেককে মনজুর আলমকে 'আওয়ামী লীগের দোসর' হিসেবে আখ্যা দিতে শোনা যায়। এ নিয়ে প্রশ্ন করা হলে মনজুর আলম বিবিসি বাংলাকে বলেন, "আমার নামে তো কোনো মামলাও নাই। আমি আওয়ামী লীগও করি না। আমি আওয়ামী লীগের দোসর কোথা থেকে হইলাম?" "আমি তো বিএনপির মেয়র ছিলাম। আমি কী আওয়ামী লীগে যোগ দিছিলাম নাকি? আওয়ামী লীগের তো আমি কিছুই ছিলাম না," যোগ করেন তিনি। "এখানে যারা এসেছিল, সবাই বিএনপির রাজনীতির সাথে জড়িত এবং তাদের সবার বাসা তার বাসা ও আশপাশের এলাকায়," দাবি

করে মি. আলম জানান, ২০১৫ সালের নির্বাচনের পর তিনি রাজনীতি থেকে অবসর নিয়েছেন। এখন তিনি সমাজসেবামূলক কাজের সাথে জড়িত। তিনি কি আগামীতে এনসিপির হয়ে মেয়র নির্বাচন করতে চান? এমন প্রশ্নের জবাবে সাবেক এই মেয়র আরও বলেন, "মানুষ এটা নিয়ে কানাঘুষা করতেছে। আমি তো কাউকে বলি নাই, আমি নির্বাচন করবো।" এ নিয়ে হাসনাত আবদুল্লাহ'র সাথেও তার কোনো কথা হয়নি বলে বিবিসি বাংলার কাছে গতকাল দাবি করেন তিনি।

উল্লেখ্য, মি. আলম ২০১০ সালে বিএনপির সমর্থন নিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হন। ২০১৫ সালেও তিনি সিটি করপোরেশনের নির্বাচনে বিএনপির সমর্থনে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। কিন্তু ওই বছর তিনি ভোট বর্জন করেছিলেন। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, এরপর তাকে আর বিএনপির রাজনীতিতে দেখা যায়নি এবং পরবর্তীতে দুই দফায় জাতীয় নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন চেয়ে ব্যর্থ হন।

এনসিপি যা বলছে

মনজুর আলমকে মেয়রপ্রার্থী করা নিয়ে গুঞ্জনের সত্যতা কতটা, কেন-ই বা হাসনাত আবদুল্লাহ গতকাল তার সাথে দেখা করতে গিয়েছিলেন- জানতে এনসিপির একাধিক শীর্ষ নেতার সাথে যোগাযোগের চেষ্টা করা হয়েছে আজ। কিন্তু তাদের বেশিরভাগই তাতে কোনো সাড়া দেননি। তবে এনসিপির উত্তরবঙ্গের মুখ্য সমন্বয়ক সারজিস আলমের সাথে এ নিয়ে কথা হয়েছে। তার বক্তব্য হলো, মনজুর আলমকে এনসিপির মেয়রপ্রার্থী করা হবে, "এরকম কোনো আলোচনা আমাদের (দলের) মাঝে হয়নি।" তিনি ধারণা করছেন, হাসনাত আবদুল্লাহ হয়ত তার ব্যক্তিগত জায়গা থেকে দেখা করতে গিয়েছিলেন। "যতটুকু শুনেছি, দাওয়াত দিয়েছিল...দলীয় রাজনীতির বাইরেও আমাদের বিভিন্ন রাজনৈতিক দলের ব্যক্তিবর্গের সাথে ব্যক্তিগত একটা জায়গা (সম্পর্ক) থাকে।" যখন কোনো দলের বা নেতার সমালোচনা করার মতো যৌক্তিক বিষয় আসে, তখন তাদের বা তার যৌক্তিক সমালোচনা করা হলেও, "রাজনীতির বাইরেও ওই ব্যক্তির সাথে আলাদা একটা সম্পর্ক থাকে। সেখান থেকেই হয়ত বাসায় দাওয়াতে অংশগ্রহণ করা," যোগ করেন তিনি। এই এনসিপি নেতা মনে করেন, এই দেখা করা নিয়ে যা হচ্ছে, তা আসন্ন মেয়র নির্বাচনে চট্টগ্রামে বিএনপির যে সম্ভাব্য প্রার্থীরা ইচ্ছাকৃতভাবে করছেন। তার ভাষায়, "উনি (মনজুর আলম) তো এবার, বিএনপির রানিং নির্বাচনে প্রচারণায় ছিল, সেখানে বিএনপির মেয়র ডা. শাহাদাৎ-এর সাথে প্রচারণায় ছিল। উনি খালেদা জিয়ার দোয়া মাহফিলে ছিল। বিএনপি নেতা আমির খসরুর সাথে ছিল। সেগুলা নিয়ে তখন ইস্যু হয়নি।" "ওখানে বিএনপির পটেনসিয়াল মেয়র ক্যান্ডিডেটরা তাদের ইনসিকিউরিটির জায়গা থেকে ইন্টেনশনালি এই সিন ক্রিয়েট করেছে যে, ওনার (মনজুর আলম) সাথে হাসনাত আব্দুল্লাহ'র দেখা হয়েছে ওই উদ্দেশ্যেই (মেয়র নির্বাচন) কি না...উনি (মনজুর আলম) যদি আবার এনসিপির মেয়রপ্রার্থী হিসেবে দাঁড়িয়ে যায়, তখন তো ওনাদের জেতার চান্স কমে যাবে। তাই সম্ভবত তারা এই ইস্যু ক্রিয়েট করেছে," ব্যাখ্যা করেন সারজিস আলম।

এবারের জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাথে জোটবদ্ধ হয়ে নির্বাচনে অংশগ্রহণ করায় সমালোচিত হয়েছিল জুলাই গণ-অভ্যুত্থান থেকে উঠে আসা রাজনৈতিক দল এনসিপি, যারা সাধারণত আওয়ামী লীগের রাজনীতির বিরোধিতাই করে থাকে। কিন্তু এক সময় সেই আওয়ামী লীগের রাজনীতির সাথেই যুক্ত ছিল, এমন একজনের সাথে এনসিপির শীর্ষ নেতাদের একজনের দেখা করায় দল হিসেবে এনসিপি সমালোচনার মুখে পড়েছে কি না, এমন প্রশ্ন করলে জবাবে সারজিস আলম বলেন, "উনি আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত ছিল। কিন্তু আমরা দেখলাম যে, ওনার ব্যক্তিগত ও রাজনৈতিক জায়গা থেকে ২০২৬ সালের নির্বাচনে উনি বিএনপির সাথে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে।" "আমি জানি না...হয়ত সেই জায়গা থেকেই হাসনাত আবদুল্লাহ যখন দেখলো যে, উনি বিএনপির সাথে নির্বাচনে অংশগ্রহণ করেছে বা আমির খসরুর সাথে বসে গল্প করছে বা বিএনপির মেয়রের সাথে আড্ডা দিচ্ছে, তাই হয়ত হাসনাত আবদুল্লাহ এটা নিয়ে আর চিন্তা করে নাই যে, মাঝখানে এক সময় উনি আওয়ামী লীগের রাজনীতিও করেছে। আর এটা তো তারাই, মানে বিএনপি-ই নরমালাইজ করেছে," যোগ করেন তিনি। তবে এনসিপির মেয়রপ্রার্থী হিসেবে মনজুর আলমকে এনসিপি বিবেচনায় রেখেছে কি না, এ বিষয়ে সরাসরি জানতে চাইলে সারজিস আলম সোজাসাপ্টা কোনো উত্তর দেননি। তিনি বলেছেন, "উনি বিএনপির রাজনীতিও করেছেন, আওয়ামী লীগের রাজনীতিও করেছেন, সবার সাথে ওনার একটা ভালো সম্পর্ক-বোঝাপড়া আছে, স্থানীয়ভাবেও গ্রহণযোগ্যতা আছে... আমরা মনে করি, ওনার বিরুদ্ধে যদি কোনো প্রমাণিত অপরাধ না থাকে এবং উনি যদি এনসিপির সাথে রাজনীতি করতে চান, ওনার যদি মনে হয় যে, উনি ওখানে প্রতিনিধিত্ব করতে পারেন, তাহলে সেটা উনিও হতে পারেন, আমরা সেটা বিবেচনা করবো।" তিনি এ-ও যোগ করেন, "এক্ষেত্রে ওনার বিরুদ্ধে বিএনপি যদি এই পলিসিতে না যায় যে, ওনাদের সাথে থাকলে ভালো, আমির খসরু গিয়ে একসাথে মিটিং করবেন আর ওনাদের সাথে না থাকলে তখন ট্যাগ দিয়ে দেওয়া হবে, এটা তো রাজনৈতিক জায়গা হতে পারে না।"

এদিকে, নাম প্রকাশ না করার শর্তে এনসিপির একাধিক দায়িত্বশীল ব্যক্তি বিবিসি বাংলাকে বলেছেন যে, মনজুর আলমকে মেয়রপ্রার্থী করা নিয়ে এখন পর্যন্ত "দলীয় ফোরামে 'কংক্রিট কোনো' আলোচনা হয়নি, কিন্তু ইনফরমালি দলের মাঝে এটা নিয়ে আলোচনা চলছে।"

প্রার্থী হিসেবে নতুন মুখ খুঁজছে এনসিপি

দলের সিদ্ধান্ত অনুযায়ী, এবার ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন থেকে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন দলটির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব। বাকি তিনটির মাঝে কুমিল্লা সিটি করপোরেশন থেকে এনসিপির মনোনীত প্রার্থী জাতীয় যুবশক্তির আহ্বায়ক অ্যাডভোকেট তরিকুল ইসলাম, সিলেট থেকে দলটির সিলেট মহানগরের আহ্বায়ক অ্যাডভোকেট আব্দুর রহমান আফজাল এবং রাজশাহী সিটি করপোরেশনে রাজশাহী মহানগর এনসিপির আহ্বায়ক মো. মোবাশ্বের আলীকে প্রার্থী করা হয়েছে। কিন্তু বাকি সাত সিটি করপোরেশনে নির্বাচনের জন্য নতুন মুখ খুঁজছে এনসিপি। এ নিয়ে সারজিস আলম বলেন, “আমরা যে জায়গাগুলোতে এখনো মনোনয়ন দেইনি, সেখানে আমরা নতুন মুখ খুঁজছি। কেউ যদি এনসিপির বাইরে থেকে স্বতন্ত্র জায়গা থেকেও আসে, ধরা যাক কেউ বিএনপি থেকে আসতে চাইলো বা ভালো রাজনৈতিক ব্যাকগ্রাউন্ড আছে, মানুষের কাছে জনপ্রিয়তা আছে, তার বিরুদ্ধে কোনো ধরনের ফৌজদারি অপরাধ নেই, খুব স্বাভাবিকভাবে সম্মানের সাথে জীবনযাপন করছে, সেই ধরনের মানুষদের যে কেউ-ই আগ্রহ দেখাতে পারে। আমরাও আমাদের জায়গা থেকে খোঁজার চেষ্টা করছি।” এনসিপি যে যে জায়গায় এখনো মনোনয়ন দেয়নি, সেগুলো হলো- চট্টগ্রাম, বরিশাল, খুলনা, নারায়ণগঞ্জ, রংপুর, গাজীপুর ও ময়মনসিংহ।

(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৪.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধ শেষ হলে গ্যাসের দাম 'ব্যাপকভাবে' কমে যাবে : ট্রাম্প

ইরান যুদ্ধ শেষ হয়ে গেলে গ্যাসের দাম 'ব্যাপকভাবে' কমে যাবে এবং সেটার প্রভাবে বিদ্যুতের দামও কমবে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফক্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে তিনি একথা বলেন। যুদ্ধে চীন ইরানকে অস্ত্র দিচ্ছে- এমন খবর শোনার পর দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে চিঠি দিয়ে অস্ত্র দেওয়া বন্ধ করার অনুরোধ জানিয়েছেন বলে জানান ট্রাম্প। জবাবে শি জিনপিং তাকে জানিয়েছেন যে, তারা ইরানকে অস্ত্র দিচ্ছেন না। ফক্স নিউজের সাক্ষাৎকারে এমনটাই দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট। ইরানকে পারমাণবিক অস্ত্র বানানোর অনুমতি দিলে "সারা বিশ্ব ধ্বংস হয়ে যাবে" বলেও মন্তব্য করেছেন ট্রাম্প।

(বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

## জেমকন গ্রুপের পরিচালক কাজী ইনাম আহমেদের ১০টি ব্যাংক হিসাব অবরুদ্ধ

জ্ঞাত আয় বর্হির্ভূত সম্পদের অভিযোগে জেমকন গ্রুপের পরিচালক কাজী ইনাম আহমেদের ১০টি ব্যাংক হিসাব অবরুদ্ধের আদেশ দিয়েছে ঢাকার একটি আদালত। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে বুধবার ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ আদালতের বিচারক মো. সাব্বির ফয়েজ এই আদেশ দিয়েছেন বলে রাষ্ট্রীয় বার্তা সংস্থা 'বাসসে'র খবরে বলা হয়েছে। কাজী ইনাম আহমেদের বিরুদ্ধে প্রায় ৩২ কোটি ৬৬ লাখ টাকার জ্ঞাত আয় বর্হির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ রয়েছে বলে দুদকের আবেদনে উল্লেখ করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

## জ্বালানি ও অর্থনীতি খাতের জন্য ২০০ কোটি ডলার ঋণ চাইলেন প্রধানমন্ত্রী

বাংলাদেশের জরুরি জ্বালানি চাহিদা মেটাতে এবং অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষার জন্য উন্নয়ন সহযোগীদের কাছে দুইশ' কোটি মার্কিন ডলারের ঋণ সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার এশিয়া জিরো এমিশন কমিউনিটি প্লাস (এজেডইসি) সম্মেলনে বক্তব্য দেওয়ার সময় তিনি এই ঋণ সহায়তা চান বলে বাসসের খবরে বলা হয়েছে। "আমরা আন্তর্জাতিক সম্প্রদায়কে এই আহ্বানে দ্রুত ও ইতিবাচক সাড়া দেওয়ারও অনুরোধ জানাই," বলেন মি. রহমান। আঞ্চলিক জ্বালানি নিরাপত্তা জোরদার করা এবং সরবরাহ বিঘ্নিতজনিত সমস্যা সমাধানে এশিয়ার দেশগুলোর মধ্যে সমন্বিত ও দূরদর্শী পদক্ষেপ প্রয়োজন বলে মন্তব্য করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। তিনি বলেন, চলমান জ্বালানি সংকটের প্রভাব নিয়ন্ত্রণে, বিশেষ করে স্বল্পোন্নত দেশসহ ঝুঁকিপূর্ণ দেশগুলোকে এর ভয়াবহ অর্থনৈতিক ও সামাজিক বিপর্যয় থেকে সুরক্ষায় একটি দৃঢ় ও সমন্বিত বৈশ্বিক উদ্যোগ প্রয়োজন।

(বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

## ইরানকে অস্ত্র না পাঠাতে সম্মত হয়েছে চীন- দাবি ট্রাম্পের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানে অস্ত্র না পাঠানোর বিষয়ে সম্মত হয়েছে চীন। এর আগে তিনি চীনা প্রেসিডেন্ট শি জিনপিংকে চিঠি দিয়ে তেহরানকে অস্ত্র না দেওয়ার অনুরোধ জানিয়েছিলেন। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্রও মঙ্গলবার সংবাদ সম্মেলনে বলেছেন, চীন তেহরানকে নতুন বিমান প্রতিরক্ষা ব্যবস্থা সরবরাহের প্রস্তুতি নিচ্ছে বলে যে খবর গণমাধ্যমে প্রকাশিত হয়েছে, সেটি "সম্পূর্ণ বানোয়াট"| এরপর বুধবার ট্রুথ সোশ্যালের এক পোস্টে ট্রাম্প বলেছেনঃ "আমি হরমুজ প্রণালী স্থায়ীভাবে খুলে দেওয়ায় চীন খুব খুশি। আমি এটা করেছি তাদের জন্য এবং সারা বিশ্বের জন্যেও।" "এই পরিস্থিতি আর তৈরি হবে না। তারা (চীন) ইরানে অস্ত্র না পাঠানোর ব্যাপারে সম্মত হয়েছে," লিখেছেন ট্রাম্প। তিনি আরও লিখেছেন, "আমরা বুদ্ধিমত্তার সঙ্গে এবং খুব ভালোভাবে একসাথে কাজ করছি! এটা কি মারামারির চেয়ে ভালো নয়??? কিন্তু মনে রাখবেন, আমরা লড়াই করতেও খুব পারদর্শী, যদি দরকার পড়ে, (এক্ষেত্রে) অন্য সবার চেয়ে অনেক ভালো!!!"

(বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

**ইরান যুদ্ধে যোগদানের চাপের কাছে নতি স্বীকার করবে না যুক্তরাজ্য**

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন, ইরানের বিরুদ্ধে যুদ্ধে অংশ নিতে দেওয়া চাপের কাছে তিনি নতি স্বীকার করবেন না। যুদ্ধে যুক্তরাজ্যকে টেনে নিতে ট্রাম্পের করা মন্তব্যের প্রেক্ষিতে ব্রিটিশ প্রধানমন্ত্রী এ কথা বলেন। এর আগে, মঙ্গলবার রাতে এক সাক্ষাৎকারে ডোনাল্ড ট্রাম্প বলেন, গত বছর যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের মধ্যে যে বাণিজ্য চুক্তি হয়েছে, সেটির শর্তাবলী যেকোনো সময় "পরিবর্তন করা হতে পারে"। তার এমন মন্তব্যের পর বুধবার সংসদে বক্তব্য রাখতে গিয়ে স্টারমার বলেন, "এটা আমাদের যুদ্ধ নয়। ভিন্ন পথ অবলম্বনের জন্য আমার ওপর অনেক চাপ সৃষ্টি করা হয়েছে এবং গত রাতে যা ঘটেছে, সেটাও সেই একই ধরনের চাপের অন্তর্ভুক্ত"। “আমি আমার সিদ্ধান্ত বদলাব না। আমি নতি স্বীকার করব না। এই যুদ্ধে যোগ দেওয়া আমাদের জাতীয় স্বার্থের অনুকূল নয় এবং আমরা তা করব না। আমি আমার অবস্থান সম্পর্কে অবগত আছি,” বলেন স্টারমার।

(বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

**সংসদে মুক্তিযোদ্ধার সংখ্যা জানালেন মন্ত্রী, 'ভাতা বাড়ানো বিবেচনায় নেই'**

বাংলাদেশে বর্তমানে মোট এক লাখ ৯৮ হাজার ৩৭ জন মুক্তিযোদ্ধা রয়েছেন বলে সংসদে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। বুধবার সরকার দলীয় সংসদ সদস্য এএম মাহবুব উদ্দিন খোকনের এক প্রশ্নের জবাবে তিনি এই তথ্য জানান। একইসঙ্গে, মুক্তিযোদ্ধাদের জন্য দেওয়া বিভিন্ন ভাতা ও সুবিধার কথাও তুলে ধরেন মন্ত্রী। জানান, আপাতত তাদের ভাতা বাড়ানোর বিষয়টি সরকারের বিবেচনায় নেই। মন্ত্রী আরও জানান, জুলাই গণঅভ্যুত্থানের পর থেকে এখন পর্যন্ত প্রায় ৮৪২টি অমুক্তিযোদ্ধা সংক্রান্ত অভিযোগের আবেদন জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা জামুকায় পাঠানো হয়েছে। সেগুলো তদন্ত ও যাচাই-বাছাই করে ৪৮১ জনের গেজেট বাতিল করা হয়েছে বলেও জানান মি. খান। (বিবিসি ওয়েব পেজঃ ১৫.০৪.২০২৬ এলিনা)

যুক্তরাজ্যে আশ্রয় পেতে বাংলাদেশিসহ বিভিন্ন অভিবাসীদের সমকামী সেজে থাকার পরামর্শ আইনজীবীদের, বিবিসির অনুসন্ধান

সমকামী সেজে যুক্তরাজ্যে অভিবাসী হিসেবে আশ্রয় পেতে সহায়তা করার বিনিময়ে হাজার হাজার পাউন্ড নেওয়া হচ্ছে- আইন সংস্থা ও উপদেষ্টাদের এমন একটি বিশাল চক্রের তথ্য বেরিয়ে এসেছে বিবিসির অনুসন্ধানে। একটি বড়ো গোপন অনুসন্ধানের প্রথম পর্বে আমরা দেখিয়েছি, যে-সব অভিবাসীর ভিসার মেয়াদ শেষ হতে যাচ্ছে, তাদের বানানো কাহিনী দেওয়া হচ্ছে বলার জন্য এবং সাজানো প্রমাণ জোগাড়ের নির্দেশ দেওয়া হচ্ছে- এর মধ্যে রয়েছে সমর্থনপত্র, ছবি ও চিকিৎসা প্রতিবেদন। এরপর তারা পাকিস্তান বা বাংলাদেশে ফিরলে প্রাণনাশের আশঙ্কা আছে, এই যুক্তিতে সমকামী হিসাবে নিজেদের পরিচয় তুলে ধরে আশ্রয়ের আবেদন করছেন। আমাদের অনুসন্ধানের জবাবে যুক্তরাজ্যের স্বরাষ্ট্র দপ্তর বলেছে, “যারা এই ব্যবস্থাকে কাজে লাগানোর চেষ্টা করবে, তাদের বিরুদ্ধে আইনের পূর্ণ শক্তি প্রয়োগ করা হবে, যার মধ্যে যুক্তরাজ্য থেকে অপসারণের মতো পদক্ষেপ রয়েছে।” যুক্তরাজ্যের আশ্রয় ব্যবস্থায় তাদের সুরক্ষা দেওয়া হয়, যারা নিজ দেশে ফিরে গেলে ঝুঁকিতে পড়বেন- যেমন পাকিস্তান ও বাংলাদেশের মতো দেশে, যেখানে সমকামিতা অবৈধ। তবে বিবিসি নিউজের তদন্তে দেখা গেছে, যুক্তরাজ্যে থাকতে চাওয়া অভিবাসীদের কাছ থেকে ফি আদায় করে আইন উপদেষ্টারা পদ্ধতিগতভাবে এই ব্যবস্থার অপব্যবহার করছেন। এদের বেশিরভাগই শিক্ষার্থী, কর্মজীবী বা পর্যটক ভিসায় যুক্তরাজ্যে ছিলেন, যাদের ভিসার মেয়াদ শেষ হয়েছে। তারা ছোটো নৌকায় বা অন্য অবৈধ পথে সদ্য আসা লোকজন নন। এখন এই গোষ্ঠীই সব আশ্রয় আবেদনের ৩৫ শতাংশ, ২০২৫ সালে যার সংখ্যা এক লাখ ছাড়িয়েছে।

প্রাথমিক প্রমাণ ও তথ্যের সূত্র পাওয়ার পর আমরা গোপনে প্রতিবেদক পাঠাই এটা জানতে যে, অভিবাসন উপদেষ্টারা কতটা আগ্রহী হয়ে ভুয়া আশ্রয় দাবি বানাতে সাহায্য করেন। প্রতিবেদকরা পাকিস্তান ও বাংলাদেশ থেকে আসা আন্তর্জাতিক শিক্ষার্থী সেজে যান, যাদের ভিসার মেয়াদ শেষ হতে চলেছে।

তদন্তে যা জানা গেছেঃ

(১) একটি আইন সংস্থা ভুয়া আশ্রয় আবেদন বানাতে সর্বোচ্চ সাত হাজার পাউন্ড দাবি করেছে। তারা বলেছে, এর ফলে স্বরাষ্ট্র দপ্তরে প্রত্যাখ্যানের সম্ভাবনা “খুবই কম”।

(২) ভুয়া আশ্রয়প্রার্থীরা বিষণ্ণতায় অসুস্থ থাকার ভান করে চিকিৎসকদের কাছে গিয়েছেন, যাতে মামলা জোরদার করতে চিকিৎসা-সংক্রান্ত প্রমাণপত্র সংগ্রহ করতে পারেন। এমনকি একজন নিজেকে এইচআইভি পজিটিভ বলেও মিথ্যা বলেছেন।

(৩) এক ইমিগ্রেশন উপদেষ্টা গর্ব করে বলেছেন, তিনি ১৭ বছরের বেশি সময় ধরে ভুয়া দাবি তৈরি করতে সাহায্য করছেন। এমনকি তিনি দাবি করেন, গ্রাহকের সঙ্গে সমকামী যৌন সম্পর্কে জড়িত ছিলেন- এমন সাজানো কাউকে তিনি জোগাড় করেও দিতে পারেন।

(৪) আমাদের আন্ডারকভার প্রতিবেদককে এমনও বলা হয়েছে, যুক্তরাজ্যে আশ্রয় পাওয়ার পর তিনি পাকিস্তান থেকে স্ত্রীকে নিয়ে আসতে পারবেন এবং পরে স্ত্রীকে লেসবিয়ান সাজিয়ে ভুয়া দাবি করা যাবে।

(৫) আরেক সংস্থার সঙ্গে যুক্ত এক আইনজীবী বলেন, তিনি সমকামী বা নাস্তিক সেজে সফলভাবে আশ্রয় পেতে মানুষকে সহায়তা করেছেন। তিনি ১৫০০ পাউন্ড ফিতে ভুয়া দাবি করতে সাহায্যের প্রস্তাব দেন এবং প্রমাণ বানাতে আরও দুই থেকে তিন হাজার পাউন্ড লাগবে বলে জানান।

'এখানে কেউই সমকামী নয়'

পূর্ব লন্ডনের বেকটনের এক শান্ত এলাকায় অবস্থিত একটি কমিউনিটি সেন্টারে মঙ্গলবার সন্ধ্যায় একটি অনুষ্ঠানে ১৭৫ জনের বেশি মানুষ জড়ো হন। তাদের মধ্যে কেউ কেউ সাউথ ওয়েলস, বার্মিংহাম ও অক্সফোর্ডের মতো দূরবর্তী এলাকা থেকেও এসেছেন, উরচেস্টার এলজিবিটি আয়োজিত একটি সভায় অংশ নিতে। সংগঠনটি নিজেদের সমকামী ও লেসবিয়ান আশ্রয়প্রার্থীদের জন্য একটি সহায়তাগোষ্ঠী হিসেবে পরিচয় দেয়। এই গ্রুপের ওয়েবসাইটে বলা হয়, শুধুমাত্র প্রকৃত সমকামী আশ্রয়প্রার্থীরাই স্বাগত। কিন্তু বাইরে রাস্তায় আমাদের আন্ডারকভার প্রতিবেদকের কাছে ভেতর থেকে বেরিয়ে আসা পুরুষরা সহজেই স্বীকার করেন- বাস্তবতা ভিন্ন। "এখানে বেশিরভাগই সমকামী নয়," বলেন ফাহার নামে একজন। আরেকজন, যিনি নিজেকে জিশান বলেন, আরও স্পষ্ট : "এখানে কেউই সমকামী নয়। এক শতাংশও না। ০.০১ শতাংশও না।" আমাদের প্রতিবেদকের এই সভায় যাওয়ার শুরুটা হয় ফেব্রুয়ারির শেষ দিকে- বার্মিংহাম ও লন্ডনভিত্তিক ইমিগ্রেশন আইন সংস্থা ল অ্যান্ড জাস্টিস সলিসিটরস-এর প্যারালিগ্যাল মাজেদুল হাসান শাকিলের কাছে যাওয়ার মাধ্যমে। আইনি কাজের পাশাপাশি, শাকিল উরচেস্টার এলজিবিটি এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান। কিছুদিন আগে পর্যন্ত তিনি কমিউনিটি গোষ্ঠীর ওয়েবসাইটে নিজের আইনি সেবার প্রচার করতেন। একটি সংক্ষিপ্ত ফোনালাপে শাকিল বলেন, আশ্রয় চাইতে হলে নির্যাতনের আশঙ্কা থাকতে হবে এবং আমাদের প্রতিবেদকের সে ধরনের ভিত্তি আছে বলে মনে হয়নি। কিন্তু কয়েক ঘণ্টার মধ্যেই, অপ্রত্যাশিতভাবে, নিজেকে তানিসা বলে পরিচয় দেওয়া একজন ফোন করেন। এরপর তার সাথে উর্দুতে কথাবার্তা হয়। তিনি অনেক বেশি আগ্রহ দেখান- সমকামী পরিচয়ের ভিত্তিতে কীভাবে আশ্রয়ের আবেদন করা যায়, তা ব্যাখ্যা করেন।

প্রতিবেদক যখন বলেন, তিনি সমকামী নন, তানিসা বলেন, "আমার কথা শোনো। এখানে কেউই আসল নয়। এখন এখানে বাঁচার একটাই পথ এবং সেটাই সবাই নিচ্ছে।" কে তার নম্বর দিয়েছে- এ প্রশ্ন এড়িয়ে গেলেও, হোয়াটসঅ্যাপ প্রোফাইল ছবি ও প্রথম নাম মিলিয়ে আমরা নিশ্চিত হতে পারি যে তিনি উরচেস্টার এলজিবিটি'র উপদেষ্টা তানিসা খান।

'একটি পূর্ণাঙ্গ প্যাকেজ'

সেই সন্ধ্যায় তানিসার সঙ্গে প্রাথমিক পরামর্শের জন্য প্রতিবেদক যান পূর্ব লন্ডনের ফরেস্ট গেটে। প্রথম বৈঠকটি কোনো আইনি পরামর্শক সংস্থার দপ্তরে নয়, বরং অনুষ্ঠিত হয় তার নিজের বাড়ির শোবার ঘরে। "এই মুহূর্তে ভিসা পাওয়ার একটাই পথ খোলা- আশ্রয় ভিসা... মানবাধিকারভিত্তিক, যাকে বলা হয় গে কেস বা একই লিঙ্গ," তিনি বলেন, "অন্য কোনো ভিসার আশা নেই।" তিনি জানান, হোম অফিসের সাক্ষাৎকারের জন্য বানানো গল্প মুখস্থ করতে হবে; "পরীক্ষা দিতে তোমাকেই যেতে হবে... আমি সব প্রস্তুত করে দেব।" ৪৫ মিনিটের এই আলোচনায় বোঝা যায় যে, ভুয়া আশ্রয় দাবির প্রতারণা কতটা জটিল হতে পারে, আর তাই তা শনাক্ত করা কর্মকর্তাদের জন্য কতটা কঠিন।

হোম অফিস প্রথমে স্ক্রিনিং সাক্ষাৎকার নেয়, এরপর ঘণ্টার পর ঘণ্টা ধরে "মূল সাক্ষাৎকার"- যেখানে দাবির খুঁটিনাটি প্রশ্ন করা হয়। প্রত্যাখ্যান হলে আদালতে আপিল করা যায়। "কেউ সমকামী কি না, তা যাচাইয়ের কোনো পরীক্ষা নেই," বলেন তানিসা। "মূল বিষয় হলো- তুমি কী বলছো। বলতে হবে, 'আমি সমকামী, এটাই আমার বাস্তবতা'" তিনি ব্যাখ্যা করেন, ছবি, ক্লাবের টিকিট, সমর্থনপত্র-সব মিলিয়ে একটি "পূর্ণাঙ্গ প্যাকেজ" তৈরি হবে। তানিসা দাবি করেন যে, তিনি ১৭ বছরেরও বেশি সময় ধরে ভুয়া অভিযোগ আনতে সাহায্য করেছেন। তিনি ব্যাখ্যা করেন যে, এলজিবিটি অনুষ্ঠানে আমাদের প্রতিবেদকের তোলা ছবি এবং সেগুলোর জন্য তার কেনা টিকিটগুলো তার আবেদনের অংশ হিসেবে প্রমাণ হিসেবে কাজ করবে। তিনি আরও বলেন, "আমি আপনাকে একজনের কাছ থেকে একটি চিঠি দেব, যার সাথে আমরা কয়েকটি ছবি তুলব এবং সেই ব্যক্তি লিখবে যে সে আপনার সাথে শারীরিক সম্পর্কে লিপ্ত হয়েছে।" তানিশার এই সেবার দাম আড়াই হাজার পাউন্ড। আর আবেদন নাকচ হলে আপিলে গেলে খরচ আরও বাড়বে। সফল হলে কাজ, বসবাস, ভাতা সবই মিলবে, তিনি বলেন। প্রতিবেদক স্ত্রীকে নিয়ে প্রশ্ন করলে তানিসা বলেন, "ওকে এখানে আনলে, ওরও আশ্রয় করব... ওকে লেসবিয়ান বানাব।"

প্রমাণ জোগাড়

তানিসা কোনো নিবন্ধিত ইমিগ্রেশন উপদেষ্টা নন। ফলে তার এমন পরামর্শ দেওয়া বেআইনি। সকালে যে আইনজীবীর কাছে আমরা টেলিফোন করেছিলেন, তার সাথে সম্পর্কের বিষয়ে তিনি যে গোপনীয়তা বজায় রেখেছিলেন, তাতে বোঝা যাচ্ছিল যে, তিনি তার সাথে কাজ করেন। "আইনজীবীরা আপনাকে পথ দেখিয়ে দেবে। কিন্তু আসল ফিল্ডওয়ার্ক তারা করেন না," বানোয়াট নথিপত্রের প্রসঙ্গে তিনি বলেন। "ফিল্ডওয়ার্ক আমাদেরই করতে হয়," তিনি বলেন। পরে ল অ্যান্ড জাস্টিস এর ইলফোর্ড অফিসে হওয়া বৈঠকগুলোতে শাকিলের সঙ্গে তার যোগসূত্র স্পষ্ট হয়। ওই আইনি

পরামর্শক প্রতিষ্ঠানেই শাকিল কাজ করেন। "আমি একজন আইনজীবীর সাথে কাজ করি, তাই তার অফিস ব্যবহার করি," তিনি বলেন। একটি বৈঠকের সময় আমাকের ছদ্মবেশে থাকা প্রতিবেদক শাকিলের সাথে পরিচয় করিয়ে দেওয়ার জন্য তানিসাকে অনুরোধ জানান, যাতে তাকে ধন্যবাদ জানাতে পারেন। তখন তাকে পাশের একটি কক্ষে নিয়ে যাওয়া হয় যেখানে শাকিল তার সাথে করমর্দন করেন। উরচেস্টার এলজিবিটির সাথে সম্পর্ক ব্যাখ্যা করেন তানিসা। ওই সংস্থাকে "আমাদের সংগঠন" বলে তিনি বর্ণনা করেন এবং বলেন, সেখান থেকে সদস্যপদের চিঠি-দৃঢ় প্রমাণ হিসেবে কাজে দেবে। তিনি বিবিসির প্রতিবেদককে বলেন, সে যেন পরবর্তী বৈঠকে অবশ্যই অংশগ্রহণ করে। সেখানে তার মতো বেশ কয়েকজন রয়েছে যারা এরকম ভুয়া কাগজপত্র তৈরি করে আশ্রয়ের আবেদন করেছেন এবং "সেখানে আসল আবেদনকারীও রয়েছে"। তিনি বলেন, "এটা করা জরুরি, কারণ স্বরাষ্ট্র দপ্তরকে আপনার প্রমাণ করতে হবে যে, আপনি আসলেই একজন সমকামী আর আপনি একটি সমকামী গোষ্ঠীরও সদস্য।" তানিসা দাবি করেন, উরচেস্টার এলজিবিটির পাঠানো চিঠি তিনি তার আবেদনের সপক্ষে প্রমাণ হিসেবে ব্যবহার করতে পারবেন।

"আমাদের সংস্থা থেকে আপনাকে চিঠি দেওয়া হবে যে, আপনি আমাদের একজন আসল সদস্য, আমাদের সাথে যুক্ত আছেন এবং যাকে আমরা ব্যক্তিগতভাবে চিনি। এ ধরনের প্রমাণ খুবই শক্তিশালী।" আমরা ফুটেজ দেখাই ৩০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ইমিগ্রেশন আইনজীবী আনা গনজালেজকে। তিনি বলেন, তানিসা স্পষ্টতই আইন ভাঙছেন-"প্রতারণা করে ভুয়া দাবি তৈরি করছেন।" "এ ধরনের লোকজন সত্যিকারের আশ্রয়প্রার্থী আর শরণার্থীদের জন্য কঠিন করে তুলছে," তিনি বলেন। "বিশেষ করে কোনো ঘটনায় নির্যাতনের শিকার বা ভুক্তভোগী হওয়ার পরেও কোনো না কোনো ঘটনায় হয়ত সেটা প্রমাণ করা যায়। কিন্তু সমকামীদের ক্ষেত্রে সেটা সম্ভব হয় না। এটা নির্ভর করে শুধু কীভাবে আপনি উপস্থাপন করছেন এবং কীভাবে আপনি কতটা তুলে ধরতে পারছেন," তিনি বলেন। গোপন অনুসন্ধানের ভিত্তিতে বিবিসি নিউজের পক্ষ থেকে পরে তানিসার কাছে প্রশ্ন করা হলে জবাবে তানিসা "যোগাযোগগত ভুল বোঝাবুঝির" কথা বলেন এবং ভুয়া দাবি বা প্রমাণ বানানোর অভিযোগ অস্বীকার করেন। এমনকি তিনি দাবি করেন যে, তিনি উর্দু ঠিক মতো বলতে পারেন না। শাকিল বলেন, তিনি জানতেন না যে তানিসা এমন কিছু করবেন। উরচেস্টার এলজিবিটি জানায়, তারা তদন্ত করছে। ল অ্যান্ড জাস্টিস সলিসিটরস বলে, তানিসার তাদের সঙ্গে পেশাগত সম্পর্ক নেই। তাদের লন্ডন অফিসে বিনা অনুমতিতে প্রবেশের কোনো ঘটনা ঘটেছে কি না, সেটা তারা তদন্ত করছে বলে জানিয়েছে। আমাদের আন্ডারকভার রিপোর্টার কখনো ওই প্রতিষ্ঠানের গ্রাহক ছিলেন না বলে তারা দাবি করে।

গোপনে ছদ্মপরিচয়ে তথ্য সংগ্রহ করেছেন বিবিসির সংবাদদাতারা

একই সময়ে বিবিসির আন্ডারকভার প্রতিবেদক লন্ডনের কেন্দ্রস্থলে থাকা কননাউট ল'এর জ্যেষ্ঠ উপদেষ্টা আকিল আব্বাসির সঙ্গেও দেখা করেন। আব্বাস পরামর্শ দেন যে, তিনি আমাদের প্রতিবেদককে এই দেশে থাকার ব্যবস্থা করে দিতে পারবেন। এজন্য তিনি ভুয়া দাবির সপক্ষে কাগজপত্র তৈরির পরামর্শ দেন। আব্বাসি সহায়তার জন্য সাত হাজার পাউন্ড ফি দাবি করেন এবং বলেন যে প্রত্যাখ্যানের সম্ভাবনা "খুব কম"। অর্থ দেওয়ার পর কীভাবে এবং কী ধরনের প্রমাণপত্র যোগাড় করতে হবে, তার পরামর্শ দেওয়া হবে বলে তিনি জানান। সেজন্য কোথায় যেতে হবে বা কী করতে হবে, তার সুনির্দিষ্ট পরামর্শ দেওয়া হবে। তাদের সোসাইটি ও ক্লাব থেকে অবশ্যই প্রমাণ জমা দিতে হবে। বিবিসির সংবাদদাতা জানতে চান যে, এরকম একটি সমকামী ক্লাবে তাকে যেতে হবে কি না। "অবশ্যই, তোমাকে যেতে হবে"। "কিন্তু আমি তো সমকামী নই"। আব্বাসি এই কথায় কিছুটা মজা পেয়েছেন বলে মনে হয়। তিনি বলেন, "আমি সেখান থেকে কিছু ছবি তুলে নেবো"। এই আইন উপদেষ্টা পরামর্শ দেন, আমাদের প্রতিবেদকের উচিত এমন কাউকে খুঁজে বের করা, যিনি তার পুরুষ সঙ্গী হিসেবে পরিচয় দেবেন। যখন রিপোর্টার বলেন যে, পাকিস্তানে তার স্ত্রী রয়েছে, আব্বাসি তখন দ্রুত একটি সমাধান বাতলে দেন। তিনি বলেন, এর ব্যাখ্যা হবে পাকিস্তানের তুলনায় যুক্তরাজ্যে অনেক বেশি উদার, ফলে তিনি একজন পুরুষ সঙ্গী নিতে পেরেছেন। "আপনার জন্য আমরা একটি বিবৃতি তৈরি করে দেবো। যখন সেটা আপনি একবার পাঠ করবেন, তখন আপনি বুঝবেন সেটা কেমন"।

'এটা এক বিশাল সমস্যা'

উরচেস্টার এলজিবিটি প্রতি মাসে সভা আয়োজন করে, যেখানে সারা দেশ থেকে অংশগ্রহণকারীরা আসেন, যাদের অনেকেরই আশ্রয় দাবিগুলো ভুয়া বলে মনে হয়। তবে সমকামী সেজে থাকা আশ্রয়প্রার্থীদের দ্বারা ব্যবহৃত কমিউনিটি গোষ্ঠীর মধ্যে উরচেস্টার এলজিবিটিই একমাত্র নয়। লুটনভিত্তিক মুসলিম এলজিবিটি নেটওয়ার্ক এর ব্রিটেনে জন্ম নেওয়া প্রতিষ্ঠাতা এজেল খান বলেন, এটা এক বিশাল সমস্যা। "অনেকেই আমার সংগঠনের পক্ষ থেকে সুপারিশপত্র দেওয়ার জন্য আমাকে টাকা দেওয়ার প্রস্তাব দেয়, কিন্তু আমি কখনোই তা নিই না। আমার সব কাজ স্বেচ্ছাসেবামূলক"। তিনি বলেন, কেউ কেউ এমনও বলেছেন, "আমি সমকামী নই, কিন্তু আমি এই দেশে থাকতে চাই"। কতটি আশ্রয় আবেদন ভুয়া হতে পারে, তা নির্দিষ্টভাবে জানা কঠিন। তবে হোম অফিসের পরিসংখ্যানে দেখা যাচ্ছে, যৌন পরিচয়ের ভিত্তিতে করা আশ্রয় দাবির ক্ষেত্রে পাকিস্তানি নাগরিকদের হার তুলনামূলকভাবে অনেক বেশি।

২০২৩ সালে যে বছরটির সর্বশেষ তথ্য পাওয়া যায়, এলজিবিটি ভিত্তিতে করা ৩,৪৩০টি আশ্রয় আবেদনের ক্ষেত্রে প্রাথমিক সিদ্ধান্ত দেওয়া হয় এবং যৌন অভিমুখিতার ভিত্তিতে প্রায় ১,৪০০টি নতুন আশ্রয় আবেদন জমা পড়ে। এর মধ্যে প্রায় ৪২ শতাংশ আবেদন করেছিলেন পাকিস্তানি নাগরিকরা এবং আগের পাঁচ বছরেও প্রতি বছর তারাই এ ধরনের দাবির সংখ্যায় শীর্ষে ছিলেন। একই বছরে, সব ধরনের আশ্রয় আবেদনের ক্ষেত্রে পাকিস্তানি নাগরিকরা ছিলেন মাত্র চতুর্থ। সর্বাধিক সাধারণ নাগরিকত্বের গোষ্ঠী এবং মোট আশ্রয় আবেদনের মাত্র ৬ শতাংশ তাদের ছিল। যৌন পরিচয়ের ভিত্তিতে করা আশ্রয় আবেদনের বিষয়ে এর চেয়ে সাম্প্রতিক কোনো তথ্য নেই। তবে স্বরাষ্ট্র দপ্তরের পরিসংখ্যানবিদরা লক্ষ্য করেছেন, সাম্প্রতিক বছরগুলোতে পাকিস্তানি নাগরিকদের কাছ থেকে আশ্রয় আবেদনের সংখ্যা সামগ্রিকভাবে দ্রুত বেড়েছে। এছাড়া শিক্ষার্থী বা কাজের ভিসায় থাকা বাংলাদেশ ও ভারতের অভিবাসীদের ক্ষেত্রেও একই প্রবণতা দেখা যাচ্ছে। ২০২৩ সালে, যৌন অভিমুখিতার কারণে নিপীড়নের শিকার হওয়ার দাবি করা আশ্রয়প্রার্থীদের প্রায় দুই তৃতীয়াংশের আবেদন প্রাথমিক পর্যায়েই মঞ্জুর করা হয়েছিল। আলি (ছদ্মনাম) ২০১১ সালে পাকিস্তান থেকে শিক্ষার্থী হিসেবে যুক্তরাজ্যে আসেন। তিন বছর পর তার ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে তিনি পরামর্শের জন্য এক আইনজীবীর কাছে যান। আলির ভাষ্য, যুক্তরাজ্যে থাকতে আশ্রয় চাইতে হলে তিনি যে সমকামী, এমন একটি কাহিনি বানাতে আইনজীবী তাকে পরামর্শ দেন। তিনি বলেন, ওই আইনজীবী তাকে “নিজের জিপির কাছে যেতে এবং দেখাতে বলেছেন যে আমি বিষণ্ণতায় ভুগছি, বিশেষ করে এই ভিসা সংক্রান্ত পরিস্থিতির কারণে।” আলি আরও বলেন, “আমি আসলে ওষুধ খাইনি, কিন্তু তিনি জোর দিয়ে বলেছিলেন, ওষুধ সংগ্রহ করতে, যাতে আমরা হোম অফিসে প্রমাণ হিসেবে দেখাতে পারি যে আমি বিষণ্ণ অবস্থায় চলে গিয়েছি।” হোম অফিসের সঙ্গে প্রাথমিক সাক্ষাৎকারটি ভালো হয়নি এবং দীর্ঘ আপিল প্রক্রিয়ায় তার খরচ বেড়ে গিয়ে ১০ হাজার পাউন্ডের বেশি হয়ে যায়।

আইনজীবীর নির্দেশে তিনি প্রাইড মিছিলে অংশ নেন এবং ১০ বারের বেশি সমকামী ক্লাবে যান। প্রমাণ হিসেবে জমা দিতে ছবি তোলেন। বিবিসি নিউজ এমন প্রমাণও দেখেছে যে, এইচআইভি নিয়ে বসবাসকারী মানুষের একটি দাতব্য সংস্থা থেকে সমর্থনপত্র পাওয়ার চেষ্টা করেছিলেন আলি। তিনি সেখানে বৈঠকে অংশ নিয়েছিলেন এবং মিথ্যা বলেছিলেন যে তার এইচআইভি আছে, তবে সেই চেষ্টাও সফল হয়নি। শেষ পর্যন্ত আইনি খরচ বাড়তে থাকায়, যুক্তরাজ্যে আসার আট বছর পর ২০১৯ সালে তিনি পাকিস্তানে ফিরে যান। ২০২২ সালে তার স্ত্রী আন্তর্জাতিক শিক্ষার্থী হিসেবে যুক্তরাজ্যে এলে, নিজের ব্যর্থ আশ্রয় প্রচেষ্টার কারণে আলি তার সঙ্গে যোগ দিতে পারেননি। তবে আলি আমাদের জানান, তার তিন বন্ধু নিজেদের যৌন পরিচয় নিয়ে মিথ্যা বলেও আশ্রয় পেতে সফল হয়েছেন। তিনি বলেন, “তারা এমনকি পাকিস্তানে বিয়ে করেও স্ত্রীদের এখানে এনেছে, এখন তাদের সন্তানও আছে”।

আরও কঠোর নিয়ম

হোম অ্যাফেয়ার্স সিলেক্ট কমিটির সদস্য লেবার এমপি জো হোয়াইট বলেন, বিবিসির অনুসন্ধানে যে-সব আইন সংস্থা ও উপদেষ্টার ভূমিকা তুলে ধরা হয়েছে, তাদের বিরুদ্ধে সরকারকে অবশ্যই “কড়াকড়ি ব্যবস্থা” নিতে হবে। ব্যাসেটল'এর এমপি জো হোয়াইট বিবিসি রেডিও ফোর এর টুডে অনুষ্ঠানে বলেন, তিনি চান পুলিশ বিষয়টি তদন্ত করুক। তিনি বলেন, “সরকারের জন্য এটা একেবারেই অপরিহার্য যে তারা এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। এ ধরনের প্রমাণ আমি আশা করি সরাসরি পুলিশের কাছে যাবে এবং পুলিশ তাদের কার্যক্রম শুরু করে পুরো বিষয়টি ভেঙে দেবে”। তিনি আরও আহ্বান জানান, পাকিস্তান থেকে আসা লোকজনকে শিক্ষার্থী ভিসা দেওয়া বন্ধ করতে হোম অফিস যেন পদক্ষেপ নেয়- যেমনটি গত মাসে আফগানিস্তান, ক্যামেরুন, মিয়ানমার ও সুদান থেকে আসা নাগরিকদের ক্ষেত্রে করা হয়েছিল, যেখানে সরকার ব্যাপক ভিসা অপব্যবহারের কথা বলেছিল। কনজারভেটিভ দলের ছায়া স্বরাষ্ট্রমন্ত্রী ক্রিস ফিলিপ বলেন, বিবিসির অনুসন্ধান “অনেক আশ্রয় দাবির কেন্দ্রে থাকা প্রতারণা উন্মোচন করেছে” এবং চিহ্নিত আইন উপদেষ্টাদের “অভিবাসন জালিয়াতির দায়ে বিচারের মুখোমুখি করা উচিত”। তিনি যোগ করেন, “পুরো ব্যবস্থাটাই পচে গেছে”। “আশ্রয় ব্যবস্থাকে সম্পূর্ণ নতুন করে সাজাতে হবে, যাতে শুধুমাত্র প্রকৃত ও ব্যক্তিগত নিপীড়নের শিকার খুব অল্পসংখ্যক মানুষ,যাদের দাবির পক্ষে বাস্তব প্রমাণ আছে, তারা যেন আশ্রয় পায়।আর অবৈধ অভিবাসীদের একেবারেই আশ্রয় চাইতে দেওয়া উচিত নয়।” রিফিউজি কাউন্সিলের বহির্বিষয়ক পরিচালক ইমরান হুসাইন বলেন, “লাভের আশায় অসাধু উপদেষ্টারা যখন হতাশ ও ঝুঁকিপূর্ণ মানুষদের শোষণ করেন, তা নিন্দনীয় এবং যারা দায়ী, তাদের জবাবদিহির আওতায় আনতে হবে।” তিনি আরও বলেন, “প্রতিদিন আমাদের সামনের সারির সেবায় আমরা উগান্ডা ও পাকিস্তানের মতো দেশ থেকে আসা এলজিবিটিকিউ প্লাস শরণার্থীদের সঙ্গে কাজ করি, যারা কেবল তারা যেভাবে জন্মেছেন সেই কারণেই কারাবন্দি, সহিংসতা ও নির্যাতনের শিকার হয়েছেন এবং নিরাপদ ও খোলামেলা জীবন যাপনের জন্য ব্রিটেনে এসেছেন।” “এই ধরনের অপব্যবহার যেন প্রকৃত আশ্রয়ের প্রয়োজন থাকা মানুষের বিশ্বাসযোগ্যতাকে ক্ষুণ্ণ করতে ব্যবহার করা না হয়।”

বিবিসির অনুসন্ধান নিয়ে প্রতিক্রিয়ায় রিফর্ম ইউকের স্বরাষ্ট্র বিষয়ক মুখপাত্র জিয়া ইউসুফ বলেন, “ব্রিটিশ জনগণের বিরুদ্ধে সংঘটিত একটি বিশাল অপরাধের সঙ্গে জড়িত বহু মানুষ আছে। রিফর্ম ক্ষমতায় এলে সবাইকে জবাবদিহির আওতায় আনা হবে।” হোম অফিস জানায়, প্রতারণা যুক্ত কোনো আশ্রয় আবেদন করা একটি ফৌজদারি অপরাধ এবং

আদালতে দোষী প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে কারাদণ্ড দেওয়া যেতে পারে।এরপর তাকে দেশ থেকে বহিষ্কারও করা হতে পারে। এক মুখপাত্র বিবিসিকে বলেন, "যৌন পরিচয়ের কারণে প্রকৃত নিপীড়ন থেকে পালিয়ে আসা মানুষের সুরক্ষার জন্য তৈরি ব্যবস্থার অপব্যবহারের যেকোনো চেষ্টা নিন্দনীয়। আশ্রয় ব্যবস্থা শক্তিশালী সুরক্ষাব্যবস্থার ওপর দাঁড়িয়ে আছে, যাতে প্রতিটি দাবি কঠোর ও ন্যায্যভাবে মূল্যায়ন করা হয়।" "শুধু যে-সব ব্যক্তি নির্ধারিত মানদণ্ড পূরণ করেন, তারাই সুরক্ষা পান। অপব্যবহার সক্রিয়ভাবে শনাক্ত করা হয় এবং তা বন্ধ করতে নিয়মিতভাবে পদ্ধতি পর্যালোচনা করা হয়।" মার্চে স্বরাষ্ট্রমন্ত্রী শাবানা মাহমুদ যুক্তরাজ্যের অভিবাসন বিধিতে বড় ধরনের পরিবর্তনের ঘোষণা দেন। এর ফলে যুক্তরাজ্যে আশ্রয়প্রার্থীদের এখন কেবল অস্থায়ী সুরক্ষা দেওয়া হবে এবং তাদের মামলাগুলো প্রতি ৩০ মাস অন্তর পর্যালোচনা করা হবে। এক দিন পর, আমাদের আন্ডারকভার প্রতিবেদকের সঙ্গে এক বৈঠকে তানিসা আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, এসব পরিবর্তনের পরও সাজানো প্রমাণের ভিত্তিতে আশ্রয় পাওয়া কোনোভাবেই কঠিন হবে না। তবে তিনি প্রতিবেদককে নিজের আবেদন দেরি না করতে চাপ দেওয়ার জন্য বিষয়টি ব্যবহার করেন। তিনি সতর্ক করেন, "ওরা এটা এখন করেছে। কে জানে- আগামীকাল বা তার পরদিন আর কী করবে?" বৈঠকের শেষ দিকে পরিবেশ কিছুটা হালকা হলে, নিজের 'ক্লায়েন্ট'-এর কাছে তানিসার একটি অনুরোধ ছিল। "ভবিষ্যতে তোমার পরিচিত কারও সাহায্য লাগলে- তাকে আমার কাছে নিয়ে আসবে, তাই না?"
(বিবিসি ওয়েব পেজ : ১৫.০৪.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### 'আগামী দুই দিনের' মধ্যে যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা পুনরায় শুরু হতে পারে: ট্রাম্প

একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে যে, আগামী সপ্তাহে দুই পক্ষের মধ্যে যুদ্ধবিরতি শেষ হওয়ার আগেই পাকিস্তানে আরও এক দফা আলোচনার জন্য যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচকরা প্রস্তুতি নিচ্ছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প "আগামী দুই দিনের মধ্যে" আলোচনা শুরু হতে পারে বলে মঙ্গলবার নিউইয়র্ক পোস্টকে আভাস দিয়েছেন। যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব কে করবেন তা উল্লেখ না করলেও, তিনি যে আলোচনায় অংশ গ্রহণ করবেন না তা তিনি নিশ্চিত করেছেন। অ্যাসোসিয়েটেড প্রেস জানিয়েছে, পাকিস্তানি কর্মকর্তারা যুদ্ধবিরতি শেষ হওয়ার আগেই আরও এক দফা আলোচনা আয়োজনের প্রস্তাব দিয়েছেন। নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে যে, গত সপ্তাহান্তে অনুষ্ঠিত আলোচনায় মার্কিন আলোচকরা ইরানের পরমাণু কর্মসূচি ২০ বছরের জন্য স্থগিত করার প্রস্তাব দিয়েছেন। এর জবাবে ইরান কর্মসূচি পাঁচ বছর পর্যন্ত স্থগিত করার প্রস্তাব দিয়েছে বলে বলা হয়েছে। মার্কিন বাহিনী ইরানের বন্দরগুলোতে নৌ অবরোধের মাধ্যমে চাপ বজায় রাখছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড মঙ্গলবার জানিয়েছে যে, প্রথম ২৪ ঘণ্টায় 'কোনো জাহাজই' এলাকা দিয়ে যেতে পারেনি। তারা আরও জানায়, ছয়টি বাণিজ্যিক জাহাজ ওমান উপসাগরে অবস্থিত ইরানের একটি বন্দরে ফিরে যাওয়ার আদেশ মেনে চলেছে। সেন্ট্রাল কমান্ড জানিয়েছে যে, এই মিশনে ১০ হাজারেরও বেশি সেনা সদস্য জড়িত থাকার পাশাপাশি বেশ কয়েকটি যুদ্ধজাহাজ এবং সেই সাথে ১০০টিরও বেশি যুদ্ধবিমান ও নজরদারি বিমান অংশ নিচ্ছে।(এনএইচকে ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### যুদ্ধপরিস্থিতিতে ৩০০ কোটি ডলার ঋণ চায় বাংলাদেশ

মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে বিশ্ববাজারে বেড়েছে তেল, গ্যাস এবং সারের দাম। এই পরিস্থিতি অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঠেকাতে ৩০০ কোটি মার্কিন ডলার ঋণ নেওয়ার কথা ভাবছে বাংলাদেশ। মার্চ থেকে আগামী জুনে বাজেট সহায়তা হিসেবে উন্নয়ন–সহযোগীদের কাছ থেকে এই ঋণ নিতে চায় সরকার। এই নিয়ে আলোচনা করতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে (ইআরডি) চিঠি দিয়েছে অর্থ মন্ত্রণালয়ের সামষ্টিক অর্থনীতি শাখা। এই চিঠির সঙ্গে একটি অবস্থানপত্র ও পাঠানো হয়ছে। সেখানে যুদ্ধের কারণে বাংলাদেশের অর্থনীতির ওপর তৈরি হওয়া চাপ তথ্য দিয়ে তুলে ধরা হয়েছে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীসহ অর্থ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগের ১৪ কর্মকর্তা ১৩ এপ্রিল থেকে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বসন্তকালীন সভায় যোগ দিতে গেছেন। এই সভায় বাংলাদেশের পক্ষ থেকে আইএমএফের কাছে বাড়তি ঋণ চাওয়ার কথা রয়েছে। ডি ডাব্লিউ-এর কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে অর্থমন্ত্রী বলেন, তিনি বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন সভায় অর্থনৈতিক পরিস্থিতি তুলে ধরবেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ রুবাইয়া)

### আন্দামান সাগরে নৌকাডুবি, অন্তত ২৫০ বাংলাদেশি-রোহিঙ্গা নিখোঁজ

আন্দামান সাগরে নৌকাডুবিতে অন্তত ২৫০ নারী, পুরুষ ও শিশু নিখোঁজ রয়েছেন। নিখোঁজদের মধ্যে রোহিঙ্গা ও বাংলাদেশি নাগরিক নাগরিকরা আছেন বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। এ ঘটনায় আজ মঙ্গলবার জাতিসংঘের শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর) ও আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) সম্মিলিত উদ্যোগের আহ্বান জানিয়েছে। জানা গেছে, ট্রলারটি বাংলাদেশের দক্ষিণাঞ্চলের জেলা কক্সবাজারের টেকনাফ থেকে যাত্রা শুরু করে মালয়েশিয়ার দিকে যাচ্ছিল। প্রচণ্ড বাতাস, উত্তাল সাগর ও অতিরিক্ত যাত্রীর কারণে এটি ডুবে যায়। যৌথ বিবৃতিতে বলা হয়, এই দুর্ঘটনা রোহিঙ্গাদের দীর্ঘস্থায়ী বাস্তুচ্যুতি এবং টেকসই সমাধানের অভাবের এক ভয়াবহ

পরিণতি। সংস্থা দুটি বলছে, মিয়ানমারের রাখাইন রাজ্যে চলমান সহিংসতা অদূর ভবিষ্যতে রোহিঙ্গাদের নিরাপদে বাড়ি ফেরার আশা ম্লান করে দিয়েছে। অন্যদিকে, মানবিক সহায়তা কমে যাচ্ছে। বাংলাদেশের ক্যাম্পে জীবনযাপন কঠিন হয়ে পড়েছে, সেখানে শিক্ষা ও কর্মসংস্থানের অভাবও রয়েছে। বিবৃতিতে বলা হয়, এসব কারণে মানুষ নিরাপত্তা ও সুযোগের আশায় বিপজ্জনক সমুদ্রযাত্রা বেছে নিচ্ছে। বিদেশে ভালো বেতনের আশা ও পাচারকারীদের ভুল তথ্যে মানুষ বিভ্রান্ত হয়ে ঝুঁকি নিচ্ছে। এ অবস্থায় আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি জরুরি আহ্বান জানিয়ে আইওএম ও ইউএনএইচসিআর বলছে, এ মর্মান্তিক ঘটনা আমাদের মনে করিয়ে দেয় যে, মিয়ানমারে বাস্তুচ্যুত হওয়ার মূল কারণগুলো দ্রুত সমাধান করা জরুরি। একই সঙ্গে এমন পরিবেশ তৈরি করতে হবে, যেন রোহিঙ্গারা স্বেচ্ছায়, নিরাপদে ও মর্যাদার সঙ্গে নিজ দেশে ফিরে যেতে পারে। সম্মিলিত উদ্যোগ ছাড়া এমন ভয়ংকর সমুদ্রযাত্রায় আরো অনেক প্রাণ অকালে হারিয়ে যাবে বলেও মন্তব্য করেছে জাতিসংঘের এই দুই সংস্থা।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ রুবাইয়া)

## বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় মাছ ধরায় ৫৮ দিনের নিষেধাজ্ঞা

ইলিশসহ সামুদ্রিক মাছের বংশবিস্তার এবং সংরক্ষণের লক্ষ্যে বঙ্গোপসাগরে বাংলাদেশের জলসীমায় মাছ ধরার ক্ষেত্রে ৫৮ দিনের নিষেধাজ্ঞা শুরু হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী, মঙ্গলবার মধ্যরাত অর্থাৎ ১৫ এপ্রিল শুরু হওয়া এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে আগামী ১১ জুন পর্যন্ত। মৎস্য বিভাগ এই নিষেধাজ্ঞা বাস্তবায়নে উপকূলীয় এলাকাগুলোতে প্রচারণা অব্যাহত রেখেছে। ভোলা জেলা মৎস্য কর্মকর্তা মো. ইকবাল হোসেন ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে জানান, ভোলায় সমুদ্রগামী পাঁচ হাজারেরও বেশি মাছ ধরার ট্রলার রয়েছে। এই নিষেধাজ্ঞার আওতায় জেলেরা কোনোভাবেই সাগরে মাছ ধরতে যেতে পারবেন না। তিনি আরো জানান, ভোলায় এক লাখ ৭০ হাজার জেলের মধ্যে ৬৩ হাজার ৯৫৪ জন জেলের জন্য ভিজিএফের চাল বরাদ্দ এসেছে। তারা প্রত্যেকে এই সময়ে ৭৭ কেজি করে চাল পাবেন। বরিশাল বিভাগীয় ক্ষুদ্র মৎস্যজীবী সমিতির সভাপতি ইসরাইল পণ্ডিত জানান, নিষেধাজ্ঞার মধ্যে থাকছেন ভোলার প্রায় এক-তৃতীয়াংশ জেলে। এই জেলেদের জীবিকা নির্বাহের জন্য অন্তত ১০০ কেজি চাল ও নগদ অর্থ বিতরণ করা প্রয়োজন। জেলেরা জানান, নিষেধাজ্ঞার সময়ে তারা পুরোপুরি কর্মহীন হয়ে পড়লেও ঋণের বোঝা তাদের পিছু ছাড়ে না। স্থানীয় জেলেদের দাবি, নিষেধাজ্ঞার শুরুতেই যেন সরকারি খাদ্য সহায়তা (ভিজিএফ) দেওয়া হয়। পাশাপাশি এই সময়ে এনজিওর ঋণের কিস্তি স্থগিত রাখতে তারা সরকারের হস্তক্ষেপ চেয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ৫ লাখ সরকারি কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত হয়েছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সরকার পাঁচ লাখ সরকারি কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে, তার মধ্যে শুধু জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর ও সংস্থাগুলোতে শূন্য পদের বিপরীতে ২৮৭৯ জন লোক নিয়োগের কার্যক্রম চলমান। বুধবার সকালে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ১৪তম দিনের প্রশ্নোত্তরে লিখিত জবাবে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, সারাদেশে শহর ও গ্রাম অঞ্চলে খেলার মাঠ নির্ধারণ ও অবকাঠামো উন্নয়নে কর্মকৌশল নির্ধারণে কেন্দ্রীয় পর্যায়ে গঠিত কমিটি কাজ করছে। প্রতিটি ইউনিয়ন ও উপজেলায় যথাক্রমে ৮ বিঘা ও ১০ বিঘা করে উন্মুক্ত খেলার মাঠ তৈরির পরিকল্পনা রয়েছে। হাই-টেক/সফটওয়্যার পার্ক ও আইসিটি সেন্টারসমূহ কার্যকরভাবে পরিচালনার জন্য এবং বাংলাদেশে পেপালের কার্যক্রম আরম্ভে কার্যকর উদ্যোগ গ্রহণে একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি বলেন, নির্বাচনি ইশতেহারকে প্রাধান্য দিয়ে বেতন কাঠামোর আওতায় জাতীয় ক্রীড়াবিদদের জন্য ক্রীড়া ভাতা চালু করা হয়েছে। প্রাথমিকভাবে ৫০০ জন ক্রীড়াবিদকে এই ভাতার আওতায় আনার পরিকল্পনা নেওয়া হয়েছে, যার মধ্যে প্রথম ধাপে ১২৯ জন ক্রীড়াবিদকে ভাতা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, ল্যাংগুয়েজ স্টুডেন্ট ভিসায় বিদ্যমান জামানতবিহীন ঋণসীমা ৩ লাখ থেকে ১০ লাখ টাকায় উন্নীত করা হয়েছে। জাপানগামী শিক্ষার্থীদের জন্য ভিসাপ্রাপ্তির আগেই সার্টিফিকেট অব ইলিজিবেলিটির ভিত্তিতে এ ঋণ দেওয়া সহজ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ শুরু করে দিয়েছি: প্রধানমন্ত্রী

নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ শুরু করে দিয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল যাকে বিগত নির্বাচনে এই দেশের মানুষ বিপুল ভোট দিয়ে জয়যুক্ত করেছে দেশকে পরিচালনা করার জন্য। এই দলের কমিটমেন্ট হচ্ছে এই দেশের মানুষের প্রতি; এই দলের কমিটমেন্ট হচ্ছে এই বাংলাদেশের প্রতি। প্রধানমন্ত্রী বলেন, আমাদের যে ম্যানিফেস্টো ছিল, সেখানে যেরকম আমরা শিল্প উদ্যোক্তা যারা আছেন তাদের জন্য যেরকম পলিসি গ্রহণ করেছি, একইভাবে খেটে খাওয়া মানুষ, তারা কীভাবে ধীরে ধীরে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করতে পারে সেজন্য আমরা বিভিন্ন রকম পলিসি গ্রহণ করেছি। আমরা বিভিন্ন রকম প্রতিশ্রুতি দিয়েছি এবং সেসব প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজও আমরা শুরু করে দিয়েছি।' বুধবার (১৫ এপ্রিল) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সরকারপ্রধান বলেন, নির্বাচনি ইশতেহারে ঘোষিত কার্যক্রমসমূহ

বাস্তবায়নে সব মন্ত্রণালয় এবং বিভাগ আগামী ১৮০ দিনের কর্মসূচির আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে এবং সেগুলো বাস্তবায়নের উদ্যোগ এরই মধ্যে গ্রহণ করেছে। তারই একটি অংশ হিসেবে আমাদের কৃষক কার্ডের যে কমিটমেন্ট ছিল, সেটির কাজও আমরা পাইলট প্রজেক্টের মাধ্যমে শুরু করেছি। এর বাইরেও সমগ্র বাংলাদেশের মানুষ দেখছে যে, আমাদের কমিটমেন্ট যেগুলো ছিল, নির্বাচনের সময় জনগণকে দেওয়া, সেই প্রতিশ্রুতির কাজগুলো আমরা পর্যায়ক্রমে শুরু করেছি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## নতুন শ্রমবাজার খুঁজছে সরকার: প্রধানমন্ত্রী

মধ্যপ্রাচ্যের অস্থিতিশীল পরিস্থিতির কথা মাথায় রেখে সরকার বিশ্বের বিভিন্ন প্রান্তে নতুন বাজার খুঁজছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, শ্রমবাজার সম্প্রসারণে কিছু দেশের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তি সইয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। যেমন ইউরোপের সার্বিয়া, গ্রীস, নর্থ মেসিডোনিয়া, রোমানিয়া, পর্তুগাল ও রাশিয়া; দক্ষিণ আমেরিকার ব্রাজিল; এশিয়ার থাইল্যান্ড I বুধবার সকালে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ১৪তম দিনের প্রশ্নোত্তরে তিনি এ কথা বলেন। তিনি বলেন, মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় সচল করতে সরকার নিরলস কাজ করছে। এরেই ধারাবাহিকতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ও উপদেষ্টা চলতি মাসের ৮-১১ তারিখ মালয়েশিয়া সফর করেছেন। এই সফরের মাধ্যমে বাংলাদেশি কর্মী পাঠানোর পথ সুগম হবে। প্রধানমন্ত্রী বলেন, বিদেশে বাংলাদেশি মিশনের সুপারিশ অনুযায়ী প্রয়োজন সাপেক্ষে দেশভিত্তিক স্থানীয় লবিস্ট বা বিশেষজ্ঞ ফার্ম নিয়োগের কার্যক্রমও হাতে নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## যুদ্ধ দীর্ঘায়িত হলে তেলের দাম বাড়ানোর প্রয়োজন হতে পারে : ডা. জাহেদ উর রহমান

মধ্যপ্রাচ্যের চলমান ভূ-রাজনৈতিক উত্তেজনা দীর্ঘস্থায়ী হলে জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রয়োজন হতে পারে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। বুধবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ডা. জাহেদ উর রহমান বলেন, আমেরিকা আবার ইরানের সঙ্গে রিলেটেড জাহাজগুলো ব্লকে দিচ্ছে। সো এটা যদি কার্যকর হয়, এটা যদি লম্বা সময় থাকে, পরিস্থিতি আসলেই খারাপের দিকে যাবে। তখন খুব লম্বা সময় ভর্তুকি দিয়ে যাওয়া আসলে কঠিন। আমরা এপ্রিল মাসে দাম বৃদ্ধি করবো না, অলরেডি বলেছি। যদি এটা কন্টিনিউ করে দামের কিছু অ্যাডজাস্টমেন্ট প্রয়োজন হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## রাজস্ব আদায়ে বড় ঘাটতি, সামষ্টিক অর্থনীতিতে বাড়ছে চাপ

চলতি ২০২৫-২৬ অর্থবছরে সরকারের রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী এগোচ্ছে না। উচ্চ সুদহার, বিনিয়োগে স্থবিরতা, আমদানি কমে যাওয়া এবং দীর্ঘস্থায়ী মূল্যস্ফীতির চাপ—সব মিলিয়ে অর্থনৈতিক কর্মকাণ্ডে ধীরগতি তৈরি হয়েছে। এর সরাসরি প্রভাব পড়ছে রাজস্ব আদায়ে, ফলে লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে অনিশ্চয়তা বাড়ছে। জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর এর তথ্য অনুযায়ী, জুলাই-ফেব্রুয়ারি সময়ে রাজস্ব আদায়ে ঘাটতি দাঁড়িয়েছে ৭১ হাজার ৪৭২ কোটি টাকা। এই সময়ে লক্ষ্যমাত্রা ছিল ৩ লাখ ২৫ হাজার ৮০২ কোটি টাকা, বিপরীতে আদায় হয়েছে ২ লাখ ৫৪ হাজার ৩৩০ কোটি টাকা—অর্থাৎ লক্ষ্য থেকে প্রায় ২২ শতাংশ পিছিয়ে রয়েছে সংস্থাটি।অর্থবছরের বাকি চার মাসে প্রায় ৩ লাখ কোটি টাকা আদায়ের বড় চাপ রয়েছে। লক্ষ্যমাত্রা পূরণে প্রতি মাসে গড়ে ৭৫ হাজার কোটি টাকার বেশি রাজস্ব সংগ্রহ প্রয়োজন হলেও এখন পর্যন্ত কোনো মাসেই আদায় ৪০ হাজার কোটি টাকা অতিক্রম করেনি। ফলে নির্ধারিত লক্ষ্য অর্জন কঠিন হয়ে পড়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## আগামী দুই মাসেও দেশে জ্বালানি তেলের সংকট হবে না

দেশে জ্বালানি তেলের সরবরাহ ও মজুত পরিস্থিতি নিয়ে আশ্বস্ত করেছেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব মনির হোসেন চৌধুরী। তিনি জানিয়েছেন, চলতি এপ্রিল মাস তো বটেই, আগামী দুই মাসেও দেশে জ্বালানি তেলের কোনো সংকট তৈরি হবে না। বুধবার সচিবালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, পর্যাপ্ত মজুত রয়েছে। ইনশাআল্লাহ আগামী দুই মাসে জ্বালানির কোনো সমস্যা হবে না। ব্রিফিংয়ে তিনি উদ্ধার অভিযান ও বর্তমান মজুত পরিস্থিতির বিস্তারিত তুলে ধরেন। যুগ্মসচিব মনির জানান, ৩ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত সারাদেশে মোট ৯ হাজার ১১৬টি অভিযান পরিচালনা করা হয়েছে। এসব অভিযানে ৩ হাজার ৫১০টি মামলা দায়ের করা হয়েছে। এ সময় মোট ১ কোটি ৫৬ লাখ ৯ হাজার টাকা অর্থদণ্ড আদায় করা হয় এবং ৪৫ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। অভিযানে বিপুল পরিমাণ অবৈধ মজুতকৃত জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে বলেও জানান তিনি। উদ্ধারকৃত জ্বালানির মধ্যে রয়েছে ডিজেল ৩ লাখ ৬৬ হাজার লিটার, অকটেন ৩৯ হাজার ৭৭৬ লিটার এবং পেট্রোল ৮৭ হাজার ৯৫৯ লিটার। এছাড়া সম্প্রতি চট্টগ্রাম থেকে ৪৮ হাজার ৫০০ লিটার ফার্নেস অয়েল উদ্ধার করা হয়েছে। সব মিলিয়ে মোট ৫ লাখ ৪২ হাজার ২৩৬ লিটার অবৈধ জ্বালানি তেল উদ্ধার করা হয়েছে। বর্তমান মজুত পরিস্থিতি তুলে ধরে মনির হোসেন চৌধুরী বলেন, দেশে বর্তমানে ডিজেল মজুত রয়েছে ১ লাখ ১ হাজার ৩৮৫ মেট্রিক টন, অকটেন ৩১ হাজার ৮২১ মেট্রিক টন, পেট্রোল ১৮ হাজার ২১১ মেট্রিক টন এবং ফার্নেস অয়েল ৭৭ হাজার ৫৪৬ মেট্রিক টন। এছাড়া জেট ফুয়েল মজুত রয়েছে ১৮ হাজার ২২৩ মেট্রিক টন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## ইংলিশ মিডিয়াম স্কুল সরকারি নিয়মের বাইরে থাকতে পারবে না: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, দেশে ইংলিশ মিডিয়াম স্কুল থাকবে কিন্তু তারা শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মের বাইরে থাকতে পারবে না। বুধবার সিলেটে এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান তিনি এ কথা বলেন। সিলেট শিক্ষাবোর্ডের আয়োজনে নগরীর মেন্দিবাগ এলাকার জালালাবাদ গ্যাস অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশের ইংলিশ মিডিয়াম স্কুলগুলোকে সরকারি নিয়ম ও রেগুলেশন বোর্ডের অধীনে আনার জন্য কয়েক দফা বৈঠক হয়েছে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানই শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মের বাইরে থাকতে পারবে না। শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নের প্রসঙ্গে তিনি বলেন, সিলেট যেন শুধু রেমিট্যান্স বা ডলারে নয়, শিক্ষাতেও প্রথম হয়। জিয়া ফাউন্ডেশনের মতো 'সিলেট এডুকেশন ট্রাস্ট ফান্ড' গঠন করে যুক্তরাজ্য থেকে পাউন্ড এনে শিক্ষাখাতের উন্নয়ন করতে হবে। এ ক্ষেত্রে সিলেটের সকল সংসদ সদস্যদের সহযোগিতা প্রত্যাশা করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## স্বেচ্ছায় মালয়েশিয়া ছেড়েছেন ২ লাখ অভিবাসী, তালিকায় বাংলাদেশ দ্বিতীয়

মালয়েশিয়ায় অবৈধভাবে অবস্থানরত বিদেশি নাগরিকদের স্বেচ্ছায় নিজ দেশে ফেরার সুযোগ করে দিতে চালু করা প্রোগ্রামের আওতায় ইতোমধ্যে ২ লাখ ৪ হাজার ৫২৩ জন অভিবাসী নিজ নিজ দেশে ফিরে গেছেন। দেশটির ইমিগ্রেশন বিভাগের অধীনে পরিচালিত এই উদ্যোগটি অবৈধ অভিবাসন ব্যবস্থাপনায় একটি গুরুত্বপূর্ণ ও বাস্তবধর্মী পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে। দেশটির ইমিগ্রেশন বিভাগের তথ্য অনুযায়ী, এই কর্মসূচিতে তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছেন বাংলাদেশি নাগরিকরা। ইমিগ্রেশন বিভাগের মহাপরিচালক দাতুক জাকারিয়া শাবান বুধবার এক সংবাদ সম্মেলনে জানান, ২০২৫ সালের ১৯ মে থেকে শুরু হওয়া এই কর্মসূচিতে এখন পর্যন্ত মোট ২ লাখ ২৮ হাজার ৯৬১ জন বিদেশি নাগরিক নিবন্ধন করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য অংশ এরইমধ্যে স্বেচ্ছায় দেশে ফিরে গেছেন। কর্মসূচিটি চলতি বছরের ৩০ এপ্রিল শেষ হওয়ার কথা রয়েছে।তিনি বলেন, এই কর্মসূচির মাধ্যমে সরকার শুধু অবৈধ অভিবাসন সমস্যা নিয়ন্ত্রণেই অগ্রগতি অর্জন করেনি, বরং বিদেশি নাগরিকদের একটি বৈধ ও সম্মানজনক উপায়ে নিজ দেশে ফেরার সুযোগও নিশ্চিত করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৫.০৪.২০২৬ আসাদ)

## লাল মুক্তিবার্তা ও ভারতীয় তালিকার কয়েক হাজার অমুক্তিযোদ্ধা বাদ

মুক্তিযোদ্ধাদের গেজেট এবং ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত অমুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ শুরু করেছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত মুক্তিযোদ্ধা গেজেট, লাল মুক্তিবার্তা এবং ভারতীয় তালিকা থেকে মোট ৬ হাজার ৪৭৬ জনের নাম বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। বুধবার স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে রংপুর-৪ আসনের সংসদ সদস্য আখতার হোসেনের করা লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান মন্ত্রী। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী জানান, অমুক্তিযোদ্ধা শনাক্তকরণ একটি চলমান প্রক্রিয়া এবং অভিযোগের ভিত্তিতে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হচ্ছে।তিনি বলেন, অনেক অমুক্তিযোদ্ধা ভুয়া তথ্যের মাধ্যমে ভারতের তালিকায় নাম অন্তর্ভুক্ত করেছিলেন। যাচাই-বাছাই শেষে তাদের বিষয়ে কঠোর সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। গত ২০২৪ সালের আগস্ট মাস থেকে এখন পর্যন্ত মোট ৮৪২টি অমুক্তিযোদ্ধা সংক্রান্ত অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে তদন্ত শেষে ৪৮১ জনের গেজেট, লাল মুক্তিবার্তা ও ভারতীয় তালিকা বাতিল করার চূড়ান্ত সুপারিশ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ আসাদ)

## আটদিনে হামের টিকা পেয়েছে ৯ লাখ ৪৩ হাজার শিশু

হামের প্রাদুর্ভাব মোকাবিলায় ৫ এপ্রিল থেকে দেশের বিভিন্ন জেলায় শুরু হয়েছে 'হাম-রুবেলা জরুরি টিকাদান কর্মসূচি'। ১৩ এপ্রিল পর্যন্ত ৮ দিনে ৯ লাখ ৪৩ হাজার ৩৪০ জন শিশু টিকা পেয়েছে। দেশের যেসব এলাকায় এখনো টিকাদান কর্মসূচি শুরু হয়নি আগামী ২০ এপ্রিল থেকে সেসব এলাকায় টিকা দেওয়া শুরু হবে। বুধবার (১৫ এপ্রিল) সচিবালয়ের তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। সংবাদ সম্মেলনে সরকারের বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ তুলে ধরা হয়। ডা. জাহেদ উর রহমান বলেন, স্বাস্থ্যখাতকে অগ্রাধিকার দিয়ে বর্তমান সরকার বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। আগামী ১৮ এপ্রিল সারাদেশের উপজেলা হেলথ অ্যান্ড ফ্যামিলি প্ল্যানিং অফিসার (ইউএইচএফপিও)-দের নিয়ে আয়োজিত সম্মেলনে প্রধানমন্ত্রী তারেক রহমান উপস্থিত থাকবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

## বনানীতে ১১ তলা ভবনে আগুন

রাজধানীর বনানীতে একটি ১১ তলা ভবনে আগুন লেগেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট। বুধবার (১৫ এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে বনানীর ১২ নম্বর সড়কের কাঁচাবাজার এলাকায় অবস্থিত ১১ তলা ভবনের ১১ তলায় আগুন লাগে। তিনি বলেন, আগুনের খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করেন। প্রাথমিকভাবে বারিধারা ফায়ার স্টেশনের তিনটি ইউনিট পাঠানো

হয়। পরে আরও দুটি ইউনিট যোগ দেয়। তাৎক্ষণিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**মামলায় আসামি শিবির-জামায়াত কর্মী, ৪ দিনেও নেই গ্রেফতার**

কুষ্টিয়ার দৌলতপুরে পীর আব্দুর রহমান শামীম ওরফে জাহাঙ্গীর (৬৫) হত্যার চারদিন পার হলেও পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। পুলিশ জানিয়েছে, আসামিদের গ্রেফতারে পুলিশ জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) দেলোয়ার হোসেন জানান, এ ঘটনায় এখনো কোনো আসামিকে গ্রেফতার করা সম্ভব হয়নি। ঘটনার পর থেকে সবাই এলাকা ছেড়ে আত্মগোপনে। এর আগে ১৩ এপ্রিল গভীর রাতে চারজনের নাম উল্লেখ করে অজ্ঞাত ১৮০ থেকে ২০০ অজ্ঞাতনামা আসামি করে দৌলতপুর থানায় মামলা করেন শামীমের ভাই অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক ফজলুর রহমান। মামলায় জেলা ছাত্রশিবিরের সাবেক সভাপতি ও দৌলতপুর উপজেলা জামায়াতের রোকন খাজা আহম্মেদসহ চারজনের নাম উল্লেখ করে মামলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**জ্বালানি সংকট মোকাবিলায় ২ বিলিয়ন ডলার সহায়তা চাইলেন প্রধানমন্ত্রী**

বাংলাদেশের বর্তমান জ্বালানি সংকট মোকাবিলায় উন্নয়ন সহযোগীদের কাছে দুই বিলিয়ন ডলার ঋণ সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (১৫ এপ্রিল) দুপুরে অনুষ্ঠিত এশিয়া জিরো ইমিশন কমিউনিটি (এজেডইসি) প্লাস অনলাইন সামিটে এ সহায়তা কামনা করেন তিনি। দুপুর ১২টায় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে আন্তর্জাতিক এ সম্মেলনে ভার্চুয়ালি অংশ নেন তিনি। প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবু আবদুল্লাহ এম ছালেহ বলেছেন, এজেডইসি প্লাস অনলাইন সামিটে ভাষণ দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি সেখানে বাংলাদেশের জ্বালানি পরিস্থিতি এবং এর মোকাবিলার বিষয়টি তুলে ধরেন। প্রধানমন্ত্রী তার বক্তব্যে বলেন, বৈশ্বিক জ্বালানি সংকট প্রমাণ করেছে যে সব দেশ একে অপরের ওপর নির্ভরশীল। কোনো দেশ এককভাবে এ সংকট মোকাবিলা করতে পারবে না। এজন্য সমন্বিত আঞ্চলিক উদ্যোগ নেওয়া প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**আবাসিক নন-মিটার গ্রাহকদের গ্যাস ব্যবহার নির্ধারণে বাখরাবাদের জরিপ শুরু**

আবাসিক নন-মিটার গ্রাহকদের মাসিক গ্যাস ব্যবহার নির্ধারণে দেশের ছয়টি জেলায় সমীক্ষা কার্যক্রম শুরু করেছে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড। বুধবার (১৫ এপ্রিল) এক বার্তায় এ তথ্য জানিয়ে জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করে প্রতিষ্ঠানটি। বার্তায় বলা হয়, আবাসিক নন-মিটার গ্রাহকদের মাসিক গ্যাস ভোগ নির্ধারণের লক্ষ্যে কোম্পানির আওতাধীন ছয়টি জেলায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক সমীক্ষা/জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই জরিপ কার্যক্রমে বুয়েট টিমকে সার্বিক সহযোগিতা দেওয়ার জন্য সবাইকে অনুরোধ করা যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**ই-সিগারেট ও নিকোটিন পাউচ শিশুদের প্রাণঘাতী হুমকির দিকে ঠেলে দিচ্ছে**

নতুন তামাক নিয়ন্ত্রণ আইন পাস করেছে সরকার, তবে ই-সিগারেট নিষিদ্ধ করা হয়নি। এর ফলে ইমার্জিং টোবাকো প্রোডাক্টের মতো নেশাদ্রব্য শিশু-কিশোরদের কাছে বিক্রিতে বিক্রেতাদের কোনো বাধা নেই। নিয়ন্ত্রণহীন ই-সিগারেট ও নিকোটিন পাউচ শিশুদের প্রাণঘাতী হুমকির দিকে ঠেলে দিচ্ছে। বুধবার (১৫ এপ্রিল) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) 'নিয়ন্ত্রণহীন ই-সিগারেট ও নিকোটিন পাউচ: শিশুদের জন্য প্রাণঘাতী হুমকি' শীর্ষক সংবাদ সম্মেলনে বক্তারা এসব কথা বলেন। তারা বলেন, দেশের শিশু-কিশোরদের নিকোটিনে আসক্ত হওয়ার ঝুঁকি ব্যাপকভাবে বেড়ে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**বায়ু-শব্দ দূষণ নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে: পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আব্দুল আউয়াল মিন্টু বলেছেন, পরিবেশ রক্ষায় এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। শুধু ইটভাটা উচ্ছেদই নয়, বায়ু ও শব্দ দূষণ নিয়ন্ত্রণে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে। বুধবার (১৫ এপ্রিল) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। কুষ্টিয়া-4 আসনের সংসদ সদস্য মো. আফজাল হোসেনের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, পরিবেশ রক্ষায় সরকার কঠোর অবস্থানে রয়েছে। বায়ু দূষণ রোধে অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান জোরদার করা হয়েছে। নভেম্বর ২০২৫ থেকে মার্চ ২০২৬ পর্যন্ত অভিযান চালিয়ে ১১টি অবৈধ ইটভাটা সম্পূর্ণ গুঁড়িয়ে দেওয়া হয়েছে। এছাড়া ১ জানুয়ারি থেকে অদ্যাবধি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ১৫টি মামলা এবং ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। পরিবেশমন্ত্রী আরও জানান, শব্দ দূষণ রোধে ৩২টি হাইড্রোলিক হর্ন জব্দ করে ধ্বংস করা হয়েছে এবং জনসচেতনতা বৃদ্ধিতে লিফলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পানি দূষণ রোধে শিল্প প্রতিষ্ঠানগুলোতে ইটিপি স্থাপনে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**সদরঘাটে ৪০ লাখ টাকার জাল নোটসহ কারবারি গ্রেফতার**

রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনাল এলাকা থেকে ৪০ লাখ টাকার জাল নোটসহ একজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কোতয়ালী থানা পুলিশ। গ্রেফতার ব্যক্তির নাম আলী আজগর সিকদার (২৩)। বুধবার (১৫ এপ্রিল) ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। কোতয়ালী থানার বরাত দিয়ে নাসিরুদ্দিন বলেন, মঙ্গলবার (১৪ এপ্রিল) রাত অনুমানিক সাড়ে ৮টার দিকে সদরঘাট লঞ্চ টার্মিনালের ৯ নম্বর গেটে উপস্থিত জনতা জাল নোটসহ একজনকে আটক করে রেখেছে বলে খবর পাওয়া যায়। এসময় কোতয়ালী থানার একটি টিম দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আটক ব্যক্তিকে হেফাজতে নেয়। পরে তার হেফাজত থেকে ৪০ লাখ টাকার জাল নোট উদ্ধার করা হয়। তিনি বলেন, প্রাথমিকভাবে উদ্ধার নোটগুলো জাল বলে প্রতীয়মান হয়েছে। জিজ্ঞাসাবাদে গ্রেফতার ব্যক্তি দীর্ঘদিন ধরে জাল টাকার কারবার করে আসছিলেন বলে স্বীকার করেছেন। তাকে আদালতে পাঠানো হয়েছে বলেও জানান ডিএমপির এ কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**টাইম ম্যাগাজিনের ১০০ প্রভাবশালীর তালিকায় তারেক রহমান**

২০২৬ সালের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করেছে টাইম ম্যাগাজিন। এ তালিকায় বিশ্বনেতা ও নীতিনির্ধারকদের মধ্যে স্থান পেয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তালিকায় আরও রয়েছেন নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ, পোপ চতুর্দশ লিও, কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন, মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লাউদিয়া শেনবাউম, নামিবিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট নান্দি নাদাইতওয়া, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) মহাপরিচালক রাফায়েল মারিয়ানো গ্রসি, জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি ও ইউরোপী ইউনিয়নের প্রযুক্তি প্রধান হেনা ভিরকুনেন। তারেক রহমান সম্পর্কে টাইম ম্যাগাজিন লিখেছে, মাত্র কয়েক মাস আগেও তিনি ছিলেন লন্ডনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সবুজঘেরা এলাকায় নির্বাসিত এক রাজনৈতিক ব্যক্তিত্ব। কিন্তু ২০২৪ সালে বাংলাদেশের স্বৈরশাসক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পতন বদলে দেয় পুরো রাজনৈতিক সমীকরণ। বিএনপির তৎকালীন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান তখন বিরোধী আন্দোলনের মুখপাত্র থেকে পরিণত হন দেশের ভবিষ্যৎ নেতৃত্বের কেন্দ্রীয় চরিত্রে। ১৭ বছর দেশের বাইরে থাকার পর ২০২৪ সালের ফেব্রুয়ারিতে নির্বাচনে ভূমিধস বিজয়ের মাধ্যমে তিনি সেই প্রত্যাশিত অবস্থান নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**ক্ষমতার মধ্যে ভাইরাস থাকে, নিয়ন্ত্রণ না করলে ফ্যাসিবাদে রূপ নিতে পারে**: তথ্য ও সম্প্রচার মন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, ফ্যাসিবাদ একটি মানসিক রোগ, যা ক্ষমতার অপব্যবহার ও জবাবদিহিতার অভাব থেকে জন্ম নেয়। তিনি বলেন, ক্ষমতার মধ্যে 'ভাইরাস' থাকে, যা নিয়ন্ত্রণ না করলে তা ফ্যাসিবাদে রূপ নিতে পারে। এ কারণে সরকার শুরু থেকেই ক্ষমতার অপব্যবহার রোধে সতর্ক অবস্থানে রয়েছে এবং জনপ্রতিনিধিদের জন্য বিভিন্ন সুবিধা গ্রহণে সংযম প্রদর্শনের নির্দেশনা দেওয়া হয়েছে। বুধবার (১৫ এপ্রিল) ঢাকায় বাংলাদেশ ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (বিপিজেএ) সঙ্গে মতবিনিময় সভায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী গণমাধ্যমের গুরুত্ব তুলে ধরে বলেন, ফ্যাসিবাদ প্রতিরোধে সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে সচেতন ও দায়িত্বশীল গণমাধ্যম। অতীতের অপরাধ, নির্যাতন ও অন্যায়ের বিচার নিশ্চিত করতে হলে ক্ষতিগ্রস্তদের আইনি প্রক্রিয়ায় অভিযোগ জানানোর আহ্বান জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**সিঙ্গাপুর থেকে মালয়েশিয়ায় নেওয়া হলো মির্জা আব্বাসকে**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাসকে সিঙ্গাপুর থেকে মালয়েশিয়ায় নেওয়া হয়েছে। সিঙ্গাপুর জেনারেল হাসপাতাল থেকে গত সোমবার (১৩ এপ্রিল) তাকে মালয়েশিয়ায় নেওয়া হয়। বুধবার (১৫ এপ্রিল) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। বর্তমানে শারীরিক অবস্থার উন্নতি হওয়ায় উন্নত ফিজিওথেরাপি ও পুনর্বাসন চিকিৎসার জন্যই মির্জা আব্বাসকে মালয়েশিয়ায় নেওয়া হয়েছে বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**রেমিট্যান্সে ভর করে রিজার্ভ ৩০ বিলিয়ন ডলার ছাড়ালো**

প্রবাসী আয়ের ধারাবাহিক প্রবাহে আবারও স্বস্তির বার্তা দিচ্ছে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ। ২০২৬ সালের ১৫ এপ্রিল পর্যন্ত তথ্য অনুযায়ী, আন্তর্জাতিক মানদণ্ড আইএমএফের বিপিএম-৬ পদ্ধতিতে রিজার্ভ দাঁড়িয়েছে ৩০ দশমিক ২০ বিলিয়ন ডলারে, যা দীর্ঘদিন পর ৩০ বিলিয়নের মাইলফলক অতিক্রম করলো। একই সময়ে মোট (গ্রস) রিজার্ভের পরিমাণ হয়েছে ৩৪ দশমিক ৮৭ বিলিয়ন ডলার। রিজার্ভ বাড়ার পেছনে মূল চালিকাশক্তি হিসেবে কাজ করছে প্রবাসী আয় বা রেমিট্যান্স। চলতি (এপ্রিল) মাসের প্রথম ১৪ দিনে দেশে এসেছে ১ দশমিক ৬০৭ বিলিয়ন ডলার, যা গত বছরের একই সময়ের ১ দশমিক ২৮৪ বিলিয়ন ডলারের তুলনায় প্রায় ২৫ দশমিক ২ শতাংশ বেশি। শুধু ১৩ ও ১৪ এপ্রিল এই দুদিনেই রেমিট্যান্স এসেছে ১৭১ মিলিয়ন ডলার, যা রেমিট্যান্স প্রবাহের শক্তিশালী ধারাবাহিকতা নির্দেশ করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**সরকার বাংলাদেশ ব্যাংকে প্রভাব খাটাতে চায় না: প্রধানমন্ত্রীর উপদেষ্টা**

সরকার কোনোভাবেই বাংলাদেশ ব্যাংকে প্রভাব খাটাতে চায় না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর। তিনি বলেন, বাংলাদেশ ব্যাংক নিজে পরিস্থিতি অনুযায়ী ব্যবস্থা নেবে। আর তথাকথিত কেতাবি কায়দায়ও বাংলাদেশ ব্যাংক পরিচালিত হবে না। বুধবার (১৫ এপ্রিল) বিকেলে রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'ব্যাংকিং খাতের সমন্বয়: ঋণদাতা ও ঋণগ্রহীতার দৃষ্টিভঙ্গি' শীর্ষক এ আলোচনা সভা করে ডিসিসিআই। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**৬ জেলায় তাপপ্রবাহ, বৃহস্পতিবার থেকে কমতে পারে গরম**

দেশের ছয় জেলায় মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এই তাপপ্রবাহ আগামীকাল বৃহস্পতিবার থেকে কমতে পারে। বুধবার (১৫ এপ্রিল) সন্ধ্যায় আবহাওয়া অফিসের নিয়মিত পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে আরও বলা হয়, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এর মধ্যে সর্বোচ্চ ৩৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয় রাজশাহীতে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

**শিক্ষিকা হত্যার বিচার দাবিতে প্রশাসন ভবনে তালা, অবরুদ্ধ উপাচার্য**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সমাজকল্যাণ বিভাগের সভাপতি সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনা হত্যাকাণ্ডের দ্রুত বিচার দাবিতে প্রশাসন ভবন ও প্রধান ফটকে তালা দিয়ে বিক্ষোভ করেছে বিভাগটির শিক্ষার্থীরা। এসময় তারা উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের কর্তাব্যক্তিদের অবরুদ্ধ করেন। বুধবার (১৫ এপ্রিল) দুপুরে বিশ্ববিদ্যালয়ের থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ ভবনের সামনে থেকে বিক্ষোভ মিছিল নিয়ে প্রশাসন ভবন প্রাঙ্গণে সমবেত হয় শিক্ষার্থীরা। পরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকেও তালা দেয় তারা। এসময় শিক্ষার্থীরা রুনা হত্যাকাণ্ডের নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষীদের দ্রুত বিচার, রুনার পরিবারের জন্য আর্থিক ক্ষতিপূরণ ও একজন সদস্যের কর্মসংস্থান নিশ্চিত করা, বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন একটি হল রুনার নামে নামকরণ এবং বিভাগের চলমান সকল সংকট নিরসনের দাবি জানান। পরে দুপুর পৌনে ২টার দিকে উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ ও ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুদ রানা আন্দোলনস্থলে এসে মামলার অগ্রগতি সম্পর্কে জানালে ও শিক্ষার্থীদের দাবি পূরণের আশ্বাস দিলে তালা খুলে দেয় শিক্ষার্থীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৫.০৪.২০২৬ রিহাব)

# BBC

**MORE THAN 200 IRANIAN SAILORS STRANDED AFTER US TORPEDO ATTACK RETURN HOME**

More than 200 Iranian sailors left stranded in Sri Lanka after a US torpedo attack are returning home after being stuck in the country for more than a month. On Wednesday, Sri Lanka's Deputy Defence Minister, Aruna Jayasekara, confirmed 32 sailors rescued from the Iris Dena and 206 from Irins Bushehr, had left the country. The Iranian warship, Iris Dena, sank on 4 March about 40km (25 miles) from Sri Lanka's southern coastline after it was hit by a torpedo from a US submarine, killing 104 sailors. On March 5, Sri Lanka took control of the Iranian naval vessel, Irins Bushehr, after it had requested to dock at one of country's ports after one of its engines malfunctioned. Speaking to Reuters, Jayasekara confirmed the crew of both ships were flown out on Tuesday night. The stranded sailors were granted 30-day entry visas by the Sri Lankan government and were housed in navy and air force camps. (BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**TRUMP'S RIFT WITH POPE IS PLAYING OUT IN PUBLIC - IT'S COSTING HIM VALUABLE SUPPORT**

It is not unusual for President Trump to face criticism from Catholic leaders. His hardline immigration policies, promised in his campaign and cheered on by supporters, have prompted condemnation from church leaders. For months it has put the hierarchy of the Catholic Church in the US at odds with more right-leaning rank-and-file Catholics. But the broad backlash in the last 48 hours, over Trump's attack on Pope Leo and his sharing of an AI image of himself as a Christ-like figure, is very different. What is striking is where some of this criticism is coming from - loyal, conservative Catholic allies. They are unhappy, not just because of Trump's public friction with Pope Leo, but at a much deeper level over the Iran war. The uproar over Trump's lengthy social media attack on the first American pope, as too liberal and too "weak on crime", together with the AI image, have crystallised a shift in opinion among many Catholic conservatives since the war began six weeks ago.
(BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**LEGAL ADVISERS HELP MIGRANTS POSE AS GAY TO GET ASYLUM, UNDERCOVER BBC INVESTIGATION FINDS**

A shadow industry of law firms and advisers is charging thousands of pounds to help migrants pretend to be gay in order to stay in the UK, the BBC has found. In the first part of a major undercover investigation, we reveal how migrants whose visas are due to run out are being given fake cover stories and instructed in how to obtain fabricated evidence, including supporting letters, photographs and medical reports. They then apply for asylum claiming to be gay and in fear for their lives if they return to Pakistan or Bangladesh. In response to our findings, the Home Office said: "Anyone found trying to exploit the system will face the full force of the law, including removal from the UK." The UK's asylum process offers protection to people who can't return to their home countries because they would be in danger, for example in countries like Pakistan and Bangladesh where gay sex is illegal.

(BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**250 MISSING AFTER MIGRANT BOAT SINKS IN INDIAN OCEAN**

About 250 Rohingya and Bangladeshis, including children, are missing after their boat capsized last week in the Andaman Sea, according to the United Nations' refugee and migration agencies. The trawler, which had departed from Bangladesh and was bound for Malaysia, "reportedly sank due to heavy winds, rough seas and overcrowding", the agencies said. It is unclear when the boat capsized, but on 9 April, a Bangladesh-flagged vessel rescued nine people who were "clinging to drums and wooden debris" to stay afloat, the coast guard said. Hundreds of thousands of Rohingya, one of Myanmar's many ethnic minorities, have been fleeing across the border into Bangladesh since a deadly crackdown in 2017. The Rohingya, who are primarily Muslim, are denied citizenship by the government of Myanmar, a Buddhist-majority country. Poor living conditions in Bangladesh however have also prompted some Rohingya to make precarious journeys on overcrowded vessels to Malaysia, a Muslim country which some envision to be a safe haven in the region.

(BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**INDIAN PM MODI'S PARTY GETS FIRST CHIEF MINISTER IN BIHAR STATE**

A leader from Indian Prime Minister Narendra Modi's Bharatiya Janata Party (BJP) has taken oath as the new chief minister of eastern state of Bihar after veteran politician Nitish Kumar stepped down. Samrat Choudhary, who was Kumar's deputy, has been sworn-in Bihar's first BJP chief minister. Choudhary has held senior roles in the BJP, including that of the party's state president, and led major election campaigns in different states. But he now has big shoes to fill. Kumar, one of Bihar's most influential leaders, was chief minister for the most part of the past two decades, often switching political alliances to stay in power. With more than 74 million voters, Bihar is India's poorest state, with millions migrating to other parts of India for jobs. It is also among the few states in India where the BJP has not managed to form a government yet on its own. Kumar, who belongs to BJP's ally Janata Dal (United), or JD(U), was elected to the Upper House of parliament last month. The 75-year-old politician's move had been on the cards for a while because of his deteriorating health.

(BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**TRUMP HINTS IRAN TALKS COULD RESUME THIS WEEK AS US PORT BLOCKADE CONTINUES**

The blockade is aimed at cutting Iran off from its economic lifelines during a two-week ceasefire. President Donald Trump has suggested talks aimed at ending the war in Iran could resume this week, after negotiations collapsed at the weekend, prompting the US to blockade Iranian ports. "You should stay there [Islamabad], really, because something could be happening over the next two days, and we're more inclined to go there," Trump was quoted as saying in an interview with the New York Post. His remarks came as the American military said US forces had "completely halted economic trade going into and out of Iran by sea" in the first 36 hours of the operation. The stand-off has raised doubts over the prospects for a two-week ceasefire that is due to expire next week. The Iranian side has not yet responded to Trump's remarks, but United Nations Secretary General António Guterres said it was "highly probable" that talks would restart.

(BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**ISRAEL AND LEBANON HOLD FIRST DIRECT TALKS SINCE 1993**

Secretary of State Marco Rubio said the talks were a 'historic' opportunity to end Hezbollah influence in the region. Lebanon and Israel have held their first diplomatic talks in over three decades, a rare encounter aimed at ending fighting between Israel and the Iran-backed Hezbollah group. US Secretary of State Marco Rubio, who mediated, said it was a "historic opportunity" to end Hezbollah's influence. A US statement said the two sides had agreed to launch direct negotiations, at a time and place to be determined. Israel said it wanted to disarm all non-state terror groups - a reference to Hezbollah. Lebanon called for a ceasefire and measures to address its humanitarian crisis. The two countries do not have diplomatic relations, and the last direct, high-level talks between them took place in 1993. Over 2,000 people have been killed since Israeli military operations in Lebanon began on 2 March, just days after US and Israeli strikes began in Iran. While the two sides were meeting in Washington on Tuesday, Hezbollah claimed at least 24 attacks on Israel and Israeli troops in Lebanon. (BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

**UKRAINE'S MILITARY TO GET BIGGEST-EVER SHIPMENT OF UK DRONES**

The UK is providing 120,000 drones to Ukraine in what the Ministry of Defence (MoD) has said is the largest delivery of its kind. Drones have increasingly come to dominate both sides of the war in Ukraine, which entered its fifth year in February. Defence Secretary John Healey said "with eyes on the Middle East in recent weeks, [Russian President Vladimir] Putin wants us to be distracted", as he announced the "big boost" ahead of co-chairing a meeting of the Ukraine Defence Contact Group in Berlin later on Wednesday. On Monday, Ukrainian President Volodymyr Zelensky said Ukraine had captured a Russian position using ground-based and aerial drones alone for the first time. The UK drones announcement follows Zelensky's suggestion that US peace negotiators "have no time for Ukraine" because of the war with Iran, AFP reports. (BBC Web page : 15.04.2026, Ali Ahmed)

## :: The End ::